শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

পরবিদ্যাপীঠ-পঞ্জী

শ্রীচৈতন্যসারস্বত-তীর্থ পরবিদ্যা-পীঠের ভক্তিশাস্ত্রী-প্রবেশিকা, সার্ব্বভৌমাদি পরীক্ষার প্রশ্নপত্র, উত্তীর্ণ ব্যক্তিগণের নাম-তালিকা, উপাধি-পরীক্ষার নিয়মাবলী, পাঠ্য-তালিকা, শ্রীনবদ্বীপধাম-প্রচারিণী-সভায় উপাধি-প্রাপ্ত ব্যক্তিগণের নাম, শ্রীনবদ্বীপের পরিচয় ও তথ্য ও তালিকা-প্রভৃতি বহু বিষয় সম্বলিত

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো বিজয়তেতমাম্

শ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভা

প্রথম প্রশ্নপত্র—ভক্তিশাস্ত্র (৪২৫ গৌরাব্দ)

(পূর্ণ সংখ্যা—১০০ ; কাল ১৫ দণ্ড)

১। নিম্নলিখিত শব্দসমূহের অর্থ কি ?

ফল্গু-বৈরাগ্য, রাগাত্মিকা, চতুষ্ক, আকল্প, দিগ্ধা, প্রতীপ, মৃতি, অবহিত্থা, অমর্ষ, ভাবসন্ধি, শাবল্য, অপরস, ষোড়শোপচার, সোল্লুণ্ঠ, পরিণামবাদ, কিলকিঞ্চিত, বিবর্ত্তবাদ, অচিন্ত্যভেদাভেদ, সমদৃশ, তত্ত্ববাদী, পাষণ্ডী, বেড়ানৃত্য, সঞ্চারী, নিজছায়া, তদেকাত্ম, শাখাচন্দ্রন্যায়, মায়াবাদী, মহাবাক্য, শারীরক, ঘটপটিয়া, মর্কট-বৈরাগ্য, আশাবন্ধ, প্রেমবৈচিত্ত্য, পরকীয়া, অধিরূঢ়, পুষ্টিমার্গ, মিছাভক্ত, কর্ম্মী, জ্ঞানী ও বিপ্রলম্ভ। ২০

২। ভক্তির সংজ্ঞা কি? বিভাগ, পরিচয় ও ক্রম কিরূপ? নবলক্ষণা ভক্তি কি কি? ১০

৩। বিষ্ণু ও বৈষ্ণবের পরিচয় কি? তদুভয়ের সহিত তদিতর তত্ত্বের পার্থক্য কোন্ কোন্ বিষয়ে? বিষ্ণুর অবতারাবলীর বিভাগ ও তালিকা লিখুন। বিষ্ণুর সহিত শিব, ব্রহ্মা ও অন্য দেবের তুলনা, শাস্ত্র এবং আচার্য্যগণ কিরূপ নির্দ্দেশ করিয়াছেন? ১৬

৪। গুরুস্বরূপ, গুরুযোগ্যতা ও গুরুভেদ কিরূপ? শাস্ত্রমতে কোন্ কারণে গুরু পরিত্যাজ্য হন, তাহার প্রমাণ ও ব্যবহার। ৮

৫। মুক্তির স্বরূপ কি? মুক্তিভেদ কিরূপ? গোলোক ও বৈকুণ্ঠ বর্ণন পূর্ব্বক তত্রস্থ পঞ্চ ভিন্নরসাশ্রিত ভক্তগণের নামোল্লেখ করুন। ৮

৬। নাম-মহিমা, নাম-তত্ত্ব, নাম-কীর্ত্তন ও নামাপরাধ বর্ণন করুন। ৮

৭। দশদশা, চতুঃষষ্টি ভক্ত্যঙ্গ, চতুঃষষ্টি গুণ এবং 'আত্মারাম' শ্লোকের একষষ্টি প্রকার অর্থ লিখুন। ১০

৮। মুকুন্দমালা, স্তোত্ররত্ন, হরিভক্তিকল্পলতিকা, ষোড়শগ্রন্থ ও নিম্বার্কদশশ্লোকী হইতে শ্রীমহাপ্রভুর প্রচারিত শুদ্ধভক্তির অনুরূপ শ্লোক উদ্ধার করুন। ১০

৯। (১) স্তবমালা (২) স্তবাবলী অথবা স্তবামৃত-লহরী (৩) পদ্যাবলী (৪) প্রার্থনা ও (৫) কল্যাণ-কল্পতরু হইতে প্রধান প্রধান শ্লোক ও গীত লিখুন। ১০

২। ভক্তির সংজ্ঞা কি? বিভাগ, পরিচয় ও ক্রম কিরূপ? নবলক্ষণা ভক্তি কি কি? ১০

৩। বিষ্ণু ও বৈষ্ণবের পরিচয় কি? তদুভয়ের সহিত তদিতর তত্ত্বের পার্থক্য কোন্ কোন্ বিষয়ে? বিষ্ণুর অবতারাবলীর বিভাগ ও তালিকা লিখুন। বিষ্ণুর সহিত শিব, ব্রহ্মা ও অন্য দেবের তুলনা, শাস্ত্র এবং আচার্য্যগণ কিরূপ নির্দ্দেশ করিয়াছেন? ১৬

৪। গুরুস্বরূপ, গুরুযোগ্যতা ও গুরুভেদ কিরূপ? শাস্ত্রমতে কোন্ কারণে গুরু পরিত্যাজ্য হন, তাহার প্রমাণ ও ব্যবহার। ৮

৫। মুক্তির স্বরূপ কি? মুক্তিভেদ কিরূপ? গোলোক ও বৈকুণ্ঠ বর্ণন পূর্ব্বক তত্রস্থ পঞ্চভিন্নরসাশ্রিত ভক্তগণের নামোল্লেখ করুন। ৮

৬। নাম-মহিমা, নাম-তত্ত্ব, নাম-কীর্ত্তন ও নামাপরাধ বর্ণন করুন। ৮

৭। দশদশা, চতুঃষষ্টি ভক্ত্যঙ্গ, চতুষষ্টি গুণ এবং 'আত্মারাম' শ্লোকের একষষ্টি প্রকার অর্থ লিখুন। ১০

৮। মুকুন্দমালা, স্তোত্ররত্ন, হরিভক্তিকল্পলতিকা, ষোড়শগ্রন্থ ও নিম্বার্কদশশ্লোকী হইতে শ্রীমহাপ্রভুর প্রচারিত শুদ্ধভক্তির অনুরূপ শ্লোক উদ্ধার করুন। ১০

৯। (১) স্তবমালা (২) স্তবাবলী অথবা স্তবামৃত-লহরী (৩) পদ্যাবলী (৪) প্রার্থনা ও (৫) কল্যাণ-কল্পতরু হইতে প্রধান প্রধান শ্লোক ও গীত লিখুন। ১০

দ্বিতীয় প্রশ্নপত্র—ভক্তিশাস্ত্র (৪২৫ গৌরাব্দ)

পূর্ণ-সংখ্যা—১০০ ; কাল—চৈত্রমাস পর্য্যন্ত।

নিম্নোক্ত পাঁচটী বিষয়ে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করিবেন।

১। নামভজন ও তাহার সর্ব্বোত্তমতা।

২। কৃষ্ণলাভের প্রণালী।

৩। কর্ম্মী হইতে জ্ঞানী, জ্ঞানী হইতে ত্যক্তজ্ঞান ভক্ত, তাহা হইতে প্রেমৈকনিষ্ঠভক্ত, তাহা হইতে গোপীগণ, গোপীবৃন্দ হইতে শ্রীরাধিকা ও তৎসদৃশ শ্রীরাধাকুণ্ড ভগবানের উত্তরোত্তর প্রিয় হইতে প্রিয়তর ও তাহা হইতে প্রিয়তম বস্তু।

৪। বিষয়-বিভাগক্রমে গ্রন্থবর্ণিত কথাসার-সহ ভক্তিগ্রন্থের তালিকা ও গ্রন্থকর্ত্তৃগণের নাম।

৫। ভক্তিমার্গ-প্রবেশের নিজ-ইতিহাস।

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো বিজয়তেতমাম্।

শ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভা

প্রথম প্রশ্নপত্র—সম্প্রদায়-বৈভব (৪২৬ গৌরাব্দ)

(পূর্ণসংখ্যা—১০০ ; কাল ১৫ খণ্ড)

১। নিম্নলিখিত বৈষ্ণবগণের কালনির্ণয়পূর্ব্বক ঐতিহাসিক জীবনচরিত সংক্ষেপে বর্ণনা করুন :—

(১) হরেকৃষ্ণ আচার্য্য, (২) বৃন্দাবন চক্রবর্ত্তী, (৩) বিষ্ণুপুরী, (৪) বিষ্ণুচিত্ত, (৫) লোকনাথ গোস্বামী, (৬) যদুনন্দন চক্রবর্ত্তী, (৭) ব্যাসরায়, (৮) ভক্তাঙ্ঘ্রিরেণু ,(৯) নিম্বাদিত্য, (১০) অগ্রদাস।

২। নিম্নলিখিত স্থানগুলি কোথায় এবং কি জন্য বিখ্যাত?

(১) আকাইহাট, (২) মুঙ্গেরপত্তন, (৩) শ্রীখণ্ড, (৪) গড়ের হাট, (৫) তিরুপতি, (৬) পরব্যোম, (৭) দেমুড়, (৮) গোপীবল্লভপুর, (৯) রজতপীঠপুর, (১০) চটকপর্ব্বত।

৩। নিম্নলিখিত শব্দের অর্থ কি?

১। নবেজ্যাকর্ম্ম, (২) শ্রীভূ-নীলা, (৩) অপাস্তরতমা, (৪) নগঃ, (৫) নামাভাস, (৬) সাম্প্রদায়িক সন্ন্যাসী, (৭) ত্রিদণ্ড, (৮) অধিকারী, (৯) গোকুলী, (১০) সহজিয়া।

৪। নিম্নলিখিত শব্দের মধ্যে পরস্পর পার্থক্য কি?

(১) মায়াবাদী ও ভক্ত (২) উপশাখা ও মূলশাখা (৩) ব্রহ্মাণ্ড ও বৈকুণ্ঠ (৪) শুদ্ধবৈষ্ণব ও বৈষ্ণবপ্রায় (৫) নাম ও নামাপরাধ (৬) অর্চ্চন ও ভজন (৭) রূপানুগ ও তদিতর বৈষ্ণব (৮) বৈষ্ণবসেবা ও অতিথি-ভোজন (৯) বৈষ্ণব ও জাতিবৈষ্ণব (১০) কর্ম্মী ও ভক্ত।

৫। নিম্নলিখিত সংজ্ঞার বিপরীত সংজ্ঞা এবং তাহাদের অর্থ কি?

(১) কাম (২) অকিঞ্চন (৩) প্রাকৃত (৪) অসৎসম্প্রদায় (৫) আসুরসৃষ্টি (৬) বৈধমার্গ (৭) বহির্ম্মুখ (৮) গোস্বামী (৯) প্রেমভক্তিবদান্যতা (১০) তেঙ্গলে।

৬। কৃষ্ণভজন পরিত্যাগপূর্ব্বক কেবল গৌরভজনে (?) জীবের কি কি অসুবিধা ঘটে?

৭। পাঞ্চরাত্রিক ও ভাগবত বৈষ্ণবগণের তারতম্য কিরূপ?

৮। চারি সম্প্রদায়ের মূলাশ্রয়ের নাম, প্রবর্ত্তক আচার্য্যের নাম, আনুমানিক কাল, উপাস্যবিগ্রহের মূর্ত্তি, উপাসনার রস, উপাসনার প্রকার, ব্রহ্মসূত্রের প্রত্যেকের ভাষ্য-নাম, ভাষ্যের টীকাটিপ্পনীকারগণের নাম, শিষ্যপরম্পরা-মধ্যে খ্যাতশিষ্যের নাম ও প্রত্যেকের মতের সংক্ষেপ বিবরণ লিখুন?

৯। শ্রীরামানুজ ও শ্রীমন্মধ্বাচার্য্যের জীবনের ঘটনাবলী শ্রীমন্মহাপ্রভুর লীলার সহিত কোন্ কোন্ বিষয়ে সাম্য ও তারতম্য আছে?

১০। নিম্নলিখিত গ্রন্থকারের রচিত গ্রন্থসমূহের নাম লিখুন্ঃ—

(১) শ্রীরামানুজ (২) শ্রীজয়তীর্থ (৩) শ্রীরূপগোস্বামী (৪) শ্রীবলদেব বিদ্যাভূষণ (৫) শ্রীরঘুনাথদাস গোস্বামী (৬) শ্রীলোকাচার্য্য (৭) শ্রীরাঘবেন্দ্র যতি (৮) শ্রীকবিকর্ণপুর (৯) শ্রীনরহরি-চক্রবর্ত্তী (১০) শ্রীভক্তিবিনোদ।

দ্বিতীয় প্রশ্নপত্র—সম্প্রদায়-বৈভব (গৌরাব্দ ৪২৬)

(পূর্ণ সংখ্যা—১০০; কাল—চৈত্রসংক্রান্তি-পর্য্যন্ত)

নিম্নোক্ত বিষয়াবলম্বনে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করিবেন।

(১) শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ের ইতিবৃত্ত। (২) বৈষ্ণবধর্ম্মে বর্ণাশ্রমধর্ম্মের উপযোগিতা। (৩) অন্যান্য ধর্ম্মমত হইতে বৈষ্ণবমতের সর্ব্বোত্তমতা। (৪) বৈষ্ণবের সামাজিক সর্ব্বশ্রেষ্ঠতা। (৫) ভাগবত-পরম্পর গুরুগণের মহিমা-স্তোত্র।

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো বিজয়তেতমাম্।

শ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভা

প্রথম প্রশ্নপত্র—সম্প্রদায়-বৈভব (৪২৭ গৌরাব্দ)

পূর্ণ-সংখ্যা—১০০ ; কাল—১৫ দণ্ড।

১। নিম্নলিখিত বৈষ্ণবগণের কাল নির্ণয়পূর্ব্বক ঐতিহাসিক জীবন চরিত সংক্ষেপে বর্ণন করুন।

(১) যতিশেখর ভারতী (২) ব্যাস রায় (৩) নিম্বার্কীয় শ্রীনিবাস আচার্য্য (৪) ঠাকুর নরোত্তম (৫) জয়দেব (৬) ভক্তাঙ্ঘ্রিরেণু (৭) ধ্যানচন্দ্র (৮) পুণ্ডরীক বিদ্যানিধি (৯) দামোদরস্বরূপ (১০) রামচন্দ্র কবিরাজ।

২। নিম্নলিখিত স্থানগুলি কোথায় ও কি জন্য খ্যাতি লাভ করিয়াছে ?

(১) কাঁদড়া (২) একাম্রকানন (৩) মামগাছি (৪) ঢাকা-দক্ষিণ (৫) মালিহাটী (৬) আকাই হাট (৭) পাজকাক্ষেত্র (৮) উত্তরাঢ়ী মঠ (৯) বিদ্যানগর (১০) মহাভূতপুরী।

৩। (ক) নিম্নলিখিত শব্দের মধ্যে পার্থক্য কি ?

(১) সম্প্রদায় ও পরিবার (২) গোস্বামী ও গৃহব্রত (৩) পাঞ্চরাত্রিক ও ভাগবত (৪) বৈষ্ণব ও ব্রাহ্মণ (৫) বিষ্ণু ও কৃষ্ণ।

(খ) নিম্নলিখিত শব্দের অর্থ কি ?

(১) মধ্যম ভাগবত (২) নামাপরাধ (৩) পঞ্চসংস্কার (৪) অন্নকূট (৫) উপলভোগ (৬) মায়াবাদ (৭) সিদ্ধদেহ (৮) শিয়ালী ভূবরাহ (৯) শৃঙ্গেরি (১০) তত্ত্ববাদী।

৪। শ্রীমধ্বাচার্য্য, শ্রীনিত্যানন্দ, শ্রীহরিদাসঠাকুর ও শ্রীযামুনাচার্য্যের সংক্ষেপ-ইতিহাস লিখুন।

৫। নিম্নলিখিত গ্রন্থকারের প্রণীত গ্রন্থাবলীর নাম লিখুন।

(১) শ্রীরামানুজ (২) শ্রীরূপ গোস্বামী (৩) শ্রীনরহরি সরকার ঠাকুর (৪) শ্রীবলদেব বিদ্যাভূষণ (৫) বেদান্ত-দেশিক (৬) জয়তীর্থ (৭) শ্রীকৃষ্ণদাস কবিরাজ (৮) শ্রীরাঘবেন্দ্র যতি (৯) শ্রীসনাতন গোস্বামী (১০) শ্রীকবি-কর্ণপুর।

৬। শ্রীমহাপ্রভুর প্রবর্ত্তিত বৈষ্ণবধর্ম্মের সহিত কর্ম্মমার্গের পার্থক্য কোথায়?

৭। অনভিজ্ঞ সমাজে 'বৈষ্ণব' বলিয়া সুখ্যাতি অর্জ্জনের জন্য অর্থব্যয় পূর্ব্বক অশুদ্ধ বৈষ্ণব-সঙ্গের আদর করিলে কিরূপ বিপত্তি ঘটে? তাদৃশ বিপত্তি হইতে মুক্তির উপায় কি?

৮। মন্ত্রাচার্য্য, ভেকধারী, বর্ণাশ্রমস্থ ও জাতিবৈষ্ণবের মধ্যে কে শুদ্ধ বৈষ্ণব? এই চারি প্রকার বৈষ্ণবের মধ্যে পরস্পর ভেদ দূর করিবার কি পন্থা আছে এবং এই চারি শ্রেণীর মধ্যে কিরূপে হরিভক্তি বৃদ্ধি হইতে পারে?

দ্বিতীয় প্রশ্ন-পত্র—সম্প্রদায়-বৈভব (৪২৭ গৌরাব্দ)

পূর্ণ-সংখ্যা—১০০ ; কাল—চৈত্র-সংক্রান্তি-পর্য্যন্ত

নিম্নোক্ত বিষয়াবলম্বনে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করিবেনঃ—

(১) বৈষ্ণবের কিরূপ সঙ্গ বিধেয় এবং জীবন কিরূপ হওয়া উচিত?

(২) আমিষ-ভক্ষণ, যোষিৎসঙ্গ, মাদক-দ্রব্য-সেবন, কাঞ্চন-সংগ্রহ ও স্মার্ত্তবিশ্বাসানুগমনদ্বারা বৈষ্ণব-জীবন হইতে কিরূপে জীব পতিত হন?

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীনবদ্বীপ-ধাম-প্রচারিণী সভা

সম্প্রদায়-বৈভব—প্রথম প্রশ্নপত্র (৪২৯ গৌরাব্দ)

(প্রতি প্রশ্নে সম-সংখ্যা ; পূর্ণ-সংখ্যা—১০০ । কাল ১৫ দণ্ড ।)

(১) নিম্নলিখিত বৈষ্ণবগণের প্রকট-কালোল্লেখে জীবন-চরিত সংক্ষেপে বর্ণন করুন :—

১। নারায়ণী, ২। গোদাদেবী, ৩। জয়তীর্থ, ৪। কুলশেখর, ৫। ভক্তাঙ্ঘ্রিরেণু, ৬। বিষ্ণুচিত্ত, ৭। সনাতন গোস্বামী, ৮। মালাধর বসু, ৯। মাধবদাস চট্টোপাধ্যায়, ১০। গোপালগুরু, ১১। সারঙ্গ-দাস, ১২। ভাগবতাচার্য্য, ১৩। প্রদ্যুম্ন মিশ্র, ১৪। জয়দেব, ১৫। নরহরি তীর্থ, ১৬। ঈশান ঠাকুর, ১৭। গদাধর দাস, ১৮। কমলাকর পিপ্পলাই, ১৯। নন্দিনী, ২০। তুকারাম।

(২) নিম্নলিখিত স্থানগুলি কোথায় ও কি জন্য খ্যাতিলাভ করিয়াছে ?

১। বিরজা, ২। শিয়ালী, ৩। ঝারিখণ্ড, ৪। কৃতমালা, ৫। শৃঙ্গেরী, ৬। শ্বেতদ্বীপ, ৭। বিদ্যানগর, ৮। পাণিহাটী, ৯। বোধখানা, ১০। ময়নাডাল, ১১। আড়িয়ল, ১২। গাঠোলী, ১৩। তিরুনারায়ণপুর, ১৪। ভুবর্লোক, ১৫। রাধাকান্ত মঠ, ১৬। কুলিয়া, ১৭। যাজিগ্রাম, ১৮। রেমুণা, ১৯। কুমারহট্ট, ২০। শালিগ্রাম।

(৩ক) নিম্নলিখিত গ্রন্থকারের রচিত গ্রন্থের নামোল্লেখ করুন :—

১। শ্রীরূপগোস্বামী, ২। প্রবোধানন্দ সরস্বতী, ৩। কবিকর্ণপূর, ৪। নরহরি ঠাকুর, ৫। গোপাল ভট্ট, ৬। বিল্বমঙ্গল, ৭। নরোত্তম ঠাকুর, ৮। বল্লভ-ভট্ট, ৯। কৃষ্ণদাস কবিরাজ, ১০। ভক্তিবিনোদ।

(৩খ) নিম্নলিখিত শব্দের মধ্যে পরস্পর ভেদ ও বিশেষত্ব কি ?

১। প্রাকৃত ও অপ্রাকৃত, ২। স্মার্ত্ত ও পরমার্থী, ৩। সাধনভক্তি ও ভাবভক্তি, ৪। তটস্থা শক্তি ও বহিরঙ্গা শক্তি, ৫। ফল্গুবৈরাগ্য ও যুক্তবৈরাগ্য, ৬। কৃষ্ণ ও মায়া, ৭। বৈষ্ণব ও ব্রাহ্মণ, ৮। বাসুদেব ও সঙ্কর্ষণ, ৯। কাম ও প্রেম, ১০। গোস্বামী ও গৃহব্রত।

(৪) নিম্নলিখিত শব্দের অর্থ কি ?

১। শিবাল্লী, ২। বড়্‌গলই, ৩। রূপানুগ, ৪। বৈষ্ণবের-প্রায়, ৫। আচার্য্য-সন্তান, ৬। আলবর্, ৭। মায়াবাদ, ৮। রাগানুগ মার্গ, ৯। গায়ত্রী, ১০। সিদ্ধদেহ, ১১। শ্রীসম্প্রদায়, ১২। শৌক্র, সাবিত্র্য ও দৈক্ষ্য, ১৩। রসাভাস, ১৪। গ্রাম্যকবি, ১৫। ইষ্টগোষ্ঠী, ১৬। ত্রিযুগ, ১৭। পুরশ্চরণ, ১৮। পূর্ব্বাশ্রম, ১৯। মণিমা, ২০। ক্ষেত্রসন্ন্যাস।

(৫) নিম্নলিখিত বিষয়-উল্লেখে সংখ্যা-দ্বারা গণনা করুন :—

১। বলদেবের পঞ্চরূপ, ২। কায়ব্যূহ-চতুষ্টয়, ৩। অষ্টসাত্ত্বিক ভাব, ৪। জীবের পঞ্চাশৎ গুণ, ৫। চারিসম্প্রদায়, ৬। উড়ুপীর অষ্টমঠ, ৭। রঙ্গনাথের সাতটী প্রাকার পথের প্রাচীন নাম, ৮। দশনামী সন্ন্যাসী, ৯। পুরুষাবতারত্রয়, ১০। চতুরাশ্রমের ষোড়শ বিভাগ, ১১। প্রপঞ্চ, ১২। পঞ্চমুক্তিভেদ, ১৩। বিপ্রলম্ভচতুষ্টয়, ১৪। নববিধা ভক্তি, ১৫। দ্বাদশবন, ১৬। ছয় চক্রবর্ত্তী, ১৭। ছয় গোস্বামী, ১৮। নবদ্বীপ, ১৯। প্রভু-স্থানে তিন রঘুনাথ, ২০। ষোলনাম বত্রিশ অক্ষর।

শ্রীনবদ্বীপ-ধাম-প্রচারিণী সভা

সম্প্রদায়-বৈভব—দ্বিতীয় প্রশ্নপত্র (৪২৯ গৌরাব্দ)

(প্রতি প্রশ্নে সম-সংখ্যা; পূর্ণ-সংখ্যা—১০০। কাল চৈত্র-সংক্রান্তি-পর্য্যন্ত)

(১) সৎসম্প্রদায়েই বিশ্বজনীন উদারতা এবং অসাম্প্রদায়িকের সঙ্কীর্ণতা।

(২) বৈষ্ণব-সম্প্রদায়ের ইতিবৃত্ত।

(৩) বর্ণাশ্রম ও ভক্তি-ধর্ম্ম।

(৪) কৌশল, মাদকদ্রব্যসেবন, কামপিপাসা. পশুবধ ও কাঞ্চনেই যাবতীয় অধর্ম্ম আবদ্ধ।

শ্রীনবদ্বীপ-ধাম-প্রচারিণী সভা

ভক্তিশাস্ত্র—প্রথম প্রশ্নপত্র (৪৩০ গৌরাব্দ)

(পূর্ণসংখ্যা—১০০ ; কাল ১৫ দণ্ড)

১। নিম্নলিখিত বিষয়গুলি বর্ণন করুন :—

(১) ভক্তির বিভিন্ন শাস্ত্রীয় সংজ্ঞা।

(২) সাধন-ভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তির পরস্পর পার্থক্য

(৩) দ্বাদশ প্রকার রস ও তাহাদের সংজ্ঞা

(৪) পঞ্চ মুখ্য ভক্ত্যাঙ্গ ও তাহাদের উদাহরণ

২। নিম্নলিখিত শব্দের অর্থ লিখুন :—

স্থায়িভাব, রসাভাস, বিশ্রম্ভসখ্য, রত্যাভাস, ফল্গুবৈরাগ্য, জীবন্মুক্ত, নামাপরাধ, ব্যাভিচারী, আলম্বন ও প্রিয়নর্ম্ম।

৩। নিম্নলিখিত শব্দের মধ্যে পরস্পর পার্থক্য কি ?

তত্ত্ববাদী ও মায়াবাদী ; নাম, নামাভাস ও নামাপরাধ ; কর্ম্মী, জ্ঞানী ও ভক্ত, একদণ্ডী ও ত্রিদণ্ডী ; শুদ্ধভক্ত ও বৈষ্ণব-প্রায়, জাতিবৈষ্ণব ও গৃহস্থ-গোস্বামী।

৪। নিম্নলিখিত অনুষ্ঠানে কি কি অসুবিধা ঘটে ?

(১) কৃষ্ণভজন পরিত্যাগপূর্ব্বক গৌরভজন

(২) কৃষ্ণসেবা ত্যাগ করিয়া বিষয়-সেবা

(৩) চিন্ময়-বস্তু ছাড়িয়া প্রাকৃত ভোগকে অপ্রাকৃত জ্ঞান

(৪) অপ্রাকৃত অর্চ্চায় জড়বুদ্ধি, বৈষ্ণবে জাতিবুদ্ধি, গুরুতে মনুষ্য-বুদ্ধি, নাম-মন্ত্রে প্রাকৃত-শব্দবুদ্ধি, চরণামৃতে জল-বুদ্ধি এবং ভগবানে ও অন্যদেবে সমবুদ্ধি।

(৫) ভগবান্ বা ভক্তের নিন্দা, তাঁহাদের হিংসা, তাঁহাদের দ্রব্যহরণ, তাঁহাদিগকে লইয়া ব্যবসায় ও তাঁহাদের সহিত নিজের বা অন্যের সমজ্ঞান।

৫। তারতম্য-বিচারে নিম্নলিখিত বিষয় বা বস্তুর সর্ব্বশ্রেষ্ঠতা কিরূপে ?

(১) মধুর-রস, (২) কৃষ্ণ, (৩) গোপী, (৪) ভক্তি, (৫) ভক্তের নিরপেক্ষতা, (৬) ভক্তের বৈরাগ্য, (৭) ভক্তের চতুরতা, (৮) রাগানুগা, (৯) সাধু, (১০) সৎসম্প্রদায়।

৬। চারিসম্প্রদায়ের মূলাশ্রয়ের নাম, প্রবর্ত্তক আচার্য্যের নাম, আনুমানিক কাল, উপাস্যবিগ্রহের মূর্ত্তি, উপাসনার রস, উপাসনার প্রকার, ব্রহ্মসূত্রের প্রত্যেকের ভাষ্যের নাম, ভাষ্যের টীকাটিপ্পনীকারগণের

নাম, শিষ্য-পরম্পরামধ্যে খ্যাত শিষ্যের নাম ও প্রত্যেকের প্রকাশিত মতের সংক্ষেপ বিবরণ লিখুন।

৭। বর্ত্তমান-সমাজে প্রচলিত দীক্ষা-বিধান, আচার, ব্যবহার, উপাসনা-প্রণালী শুদ্ধ-ভক্তি-মার্গ হইতে কতদূর ও কিপ্রকারে বিক্ষিপ্ত হইয়াছে? শুদ্ধ-ভক্তি-মার্গের পুনঃপ্রবর্ত্তন কিরূপে হইতে পারিবে, তাহার প্রস্তাব।

৮। মুক্তির স্বরূপ কি? মুক্তিভেদ কিরূপ?

৯। বৈষ্ণবের অর্চ্চন-মার্গে ও ভাবমার্গে প্রত্যেকের তিন প্রকার করিয়া বিভেদ কিরূপ?

১০। কৃষ্ণ-লাভের প্রণালী।

শ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভা

ভক্তিশাস্ত্র—দ্বিতীয় প্রশ্ন-পত্র (৪৩০ গৌরাব্দ)

(পূর্ণসংখ্যা—১০০। কাল চৈত্রমাস পর্য্যন্ত ?)

১। ভক্ত, কৃষ্ণ ও কৃষ্ণভক্তি

২। ভক্তিমার্গপ্রবেশের নিজ-ইতিহাস

৩। শুদ্ধভক্তি-সাহিত্য

৪। 'সম্বন্ধ' ব্যতীত 'অভিধেয়' ও 'প্রয়োজন'-লাভ অস্বাভাবিক

শ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভা

সম্প্রদায়-বৈভব—প্রথম প্রশ্ন-পত্র (৪৩০ গৌরাব্দ)

(প্রতি-প্রশ্নে সম-সংখ্যা ; পূর্ণসংখ্যা—১০০। কাল ১৫ দণ্ড)

(১) নিম্নলিখিত শব্দগুলির বিষয়-উল্লেখে সংখ্যা-দ্বারা গণনা করুন।

১। দ্বাদশ বিষ্ণুমাস, ২। কৃষ্ণের চতুঃষষ্টি গুণ, ৩। দ্বাদশ-গোপাল, ৪। অষ্টাদশ পুরাণ, ৫। ষড়্দর্শন, ৬। যমুনার চব্বিশ ঘাট, ৭। দশোপনিষৎ, ৮। চতুর্দ্দশ-ভুবন, ৯। নবদ্বীপ, ১০। পঞ্চ প্রধান ভক্ত্যঙ্গ, ১১। অষ্টসাত্ত্বিক, ১২। যুগাবতার, ১৩। মন্বন্তরাবতার, ১৪। ভাগবত চতুঃশ্লোকী, ১৫। সেবাপরাধ, ১৬। নামাপরাধ দশ দেহ, ১৭। সঙ্কর্ষণের রূপ, ১৮। দশনামী সন্ন্যাসী, ১৯। বত্রিশ লক্ষণ মহাপুরুষ, ২০। শিক্ষাষ্টক।

(২) নিম্নলিখিত শব্দের অর্থ কি ?

১। শৌক্র, সাবিত্র্য ও দৈক্ষ্য, ২। চাতুর্ম্মাস্য, ৩। মহা-স্নান, ৪। শাখাচন্দ্রন্যায়, ৫। পূর্ব্বরাগ, ৬। হরিমন্দির, ৭। হরিবাসর, ৮। গুরুসেবা, ৯। দেবীধাম, ১০। নারকী, ১১। বিপ্রলম্ভ, ১২। অবিমৃষ্টবিধেয়াংশ, ১৩। রাগানুগ মার্গ, ১৪। যুক্ত ও ফল্গু বৈরাগ্য, ১৫। গোদাস ও গোস্বামী, ১৬। বর্ণাশ্রম-ধর্ম্ম, ১৭। চিৎ ও জড়, ১৮। পণ্ডিত, ১৯। অন্তরঙ্গ ভক্ত, ২০। তত্ত্ববাদী।

(৩ ক) বিচার-সহ বিস্তৃত ব্যাখ্যা করুন :—

১। গুরুর কিঙ্কর হয় মান্য আপনার।

২। কৃষ্ণের সমতা হৈতে বড় ভক্তপদ।

৩। শ্রীরাধার প্রলাপ যৈছে উদ্ধব-দর্শনে।

৪। বিষ্ণৌ সর্ব্বেশ্বরেশে তদিতরসমধীর্যস্য বা নারকী সঃ।

৫। নিত্য কৃষ্ণদাস্য ও অনাদি-বহির্ম্মুখতা জীবে কিরূপে সামঞ্জস্য হয়?

(৩ খ) নিম্নলিখিত গ্রন্থকারের রচিত গ্রন্থের নামোল্লেখ করুন:—

১। শ্রীজীব গোস্বামী, ২। শ্রীরামানুজাচার্য্য, ৩। শ্রীমধ্বাচার্য্য, ৪। শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী, ৫। শ্রীকবিকর্ণপূর।

(৪) নিম্নলিখিত বৈষ্ণবগণের প্রকট-কালোল্লেখে জীবনী সংক্ষেপে বর্ণনা করুন:—

১। কাশীশ্বর, ২। রামানন্দ বসু, ৩। উদ্ধারণ ঠাকুর, ৪। বেদান্তদেশিক, ৫। অক্ষোভ্যতীর্থ, ৬। রামানন্দ স্বামী, ৭। গৌড়পূর্ণানন্দ, ৮। মাধবেন্দ্রপুরী, ৯। দামোদরস্বরূপ, ১০। নিম্বার্কীয় শ্রীবাসাচার্য্য, ১১। বল্লভ ভট্ট, ১২। হরিবংশ, ১৩। অভিরাম, ১৪। হৃদয়চৈতন্য, ১৫ চিড়িয়া কুঞ্জের কৃষ্ণদাস বাবাজী, ১৬। ধ্যানচন্দ্র, ১৭। গোপাল ভট্ট, ১৮। রাঘবেন্দ্র যতি, ১৯। রঙ্গরামানুজ, ২০। অচ্যুতানন্দ।

(৫) নিম্নলিখিত স্থানগুলি কোথায় ও কি জন্য খ্যাত?

১। ব্রহ্মলোক, ২। খড়দহ, ৩। কুলিয়া, ৪। ঝারিখণ্ড ৫। উড়ুপী, ৬। পেরেম্বেদুর, ৭। আলালনাথ, ৮। শ্রীখণ্ড, ৯। পাণ্ডেরপুর, ১০। গোপীবল্লভপুর, ১১। খেতরি, ১২। গর্ভোদক, ১৩। কুলীনগ্রাম, ১৪। তালখড়ি, ১৫। ঝামটপুর, ১৬। তিরুনারায়ণপুর, ১৭। ছত্রভোগ, ১৮। মালিপাড়া, ১৯। গোবর্দ্ধন, ২০। বদরিকা।

শ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভা

সম্প্রদায়-বৈভব—দ্বিতীয় প্রশ্ন-পত্র (৪৩০ গৌরাব্দ)

(পূর্ণসংখ্যা—১০০ ; প্রতি-প্রশ্নে সম-সংখ্যা। কাল—চৈত্রসংক্রান্তি-পর্য্যন্ত)

১। ভিন্ন ভিন্ন অবস্থায় জগতে ভক্তের আদর্শ জীবন।

২। দেহত্যাগের পর জীবের কিরূপে অবস্থান।

৩। নাম-ভজনে সর্ব্বসিদ্ধি।

৪। মায়াবাদ ভক্তির হানিকারক।

সার্ব্বভৌমোপাধি-পরীক্ষার প্রশ্ন

শ্রীনবদ্বীপ-ধাম-প্রচারিণী সভা

পঞ্চরাত্র ; প্রথম—প্রশ্ন-পত্র (৪৩২ গৌরাব্দ)

(পূর্ণসংখ্যা—১০০ ; কাল ১৫ দণ্ড)

১। ‘পঞ্চরাত্র’ শব্দে কি বুঝায় ? ভাগবতগণের সহ পাঞ্চরাত্রিকের ভেদ কি ?

৫

২। বর্ণবিভাগ কিরূপে হইয়াছিল ? বর্ণাশ্রমধর্ম্ম কিরূপে বিকৃত হইয়াছে ? উহার শুদ্ধভাবে পুনঃস্থাপন কিরূপে হইবে ? শৌক্র সাবিত্র্য ও দৈক্ষ্য বর্ণ কি ?

১২

৩। গুরুর লক্ষণ কি? 'সদ্‌গুরু' কাহাকে বলে? গুরু কয় প্রকার ও তাঁহাদের কর্ত্তব্য কি? দক্ষিণাগ্রহণে গুরুর কর্ত্তব্য কি? শিষ্যের গুরুর প্রতি কর্ত্তব্য কি? কি কারণে গুরু পরিত্যাজ্য হইতে পারেন? ১২

৪। 'হরিবাসর' কাহাকে বলে? সেদিনের কৃত্য কি? অষ্ট মহাদ্বাদশী কি এবং কাহাকে বলে? একাদশী-সহ মহাদ্বাদশীর সম্বন্ধ কিরূপ? পারণ-কালের বিচার কিরূপ। ১৪

৫। চাতুর্ম্মাস্য ব্রত কি? তাহার কৃত্য কি? উর্জ্জাব্রত কাহাকে বলে? বক-পঞ্চক কি? ৮

৬। নাম, নামাভাস ও নামাপরাধ কি? ভগবদ্ধর্ম্ম কি কি? ১৫

৭। দশ সংস্কার কি? 'সৎক্রিয়া-সারদীপিকা'র সহিত 'ভবদেবাদি-পদ্ধতি'র কোন্ কোন্ বিষয়ে পার্থক্য? ৬

৮। বৈষ্ণবের 'শ্রাদ্ধ' কর্ত্তব্য কি না? কর্ত্তব্য হইলে কিরূপে করিতে হইবে? ৪

৯। 'মন্ত্র' কাহাকে বলে? 'নাম' ও 'মন্ত্রে' পার্থক্য কি? ৪

১০। চতুর্থাশ্রম কি? 'একদণ্ড' ও 'ত্রিদণ্ড' বিধান কিরূপ? ৬

১১। ষোড়শোপচার কি কি? অর্চ্চামূর্ত্তির সহিত বৈষ্ণবের কৃত্য কি? ৪

১২। অরুণোদয়-বিদ্ধা, ত্রিস্পৃশা, তিথি, নক্ষত্র, দ্বাদশমাসের নাম, মহাযুগ, মন্বন্তর, চান্দ্র, পঞ্চাঙ্গ ও পুরশ্চরণ শব্দে কি বুঝায়? ১০

শ্রীনবদ্বীপ-ধাম-প্রচারিণী সভা

পঞ্চরাত্র—দ্বিতীয় প্রশ্ন (৪৩২ গৌরাব্দ)

(পূর্ণসংখ্যা—১০০ ; কাল চৈত্র-সংক্রান্তি-পর্য্যন্ত)

১। শুদ্ধভক্তিপ্রচারের প্রতিবন্ধক বিচার।

২। বিশুদ্ধ বৈষ্ণব-জীবন।

উপরি-লিখিত বিষয়-দুইটী অবলম্বনে প্রবন্ধ রচনা করিবেন।

শ্রীনবদ্বীপ-ধাম-প্রচারিণী সভা

সম্প্রদায়-বৈভব প্রথম প্রশ্নপত্র (৪৩২ গৌরাব্দ)

পূর্ণ সংখ্যা—১০০ ; কাল—১৫ দণ্ড

১। শুদ্ধভক্তি-বিপর্য্যয়-কারীর প্রতি কি কর্ত্তব্য ? অশুদ্ধ-কথা সম্প্রদায়ের অনুমোদিত বলিয়া প্রচারকারিগণের প্রতি শুদ্ধবৈষ্ণবের কিরূপ বিধেয় ?

২। শুদ্ধভক্তি-প্রচারের প্রতিবন্ধক কি কি ? যাঁহারা অশুদ্ধমত প্রচার করিতেছেন, তাঁহাদের সম্বন্ধে শুদ্ধভক্তগণ কি করিবেন ?

৩। কুলিয়া ও নদীয়া কোথায় ? নব্য বিরোধিগণের কল্পনা কিরূপ অশুদ্ধ, তাহা প্রমাণ-সহ বর্ণন করুন।

৪। প্রাকৃত সহজিয়া ও গৌর-নাগরীর বিশ্বাস ও ব্যবহার অশুদ্ধ কিরূপে? তাহারা ঐরূপ ব্যবহার ছাড়িবেন কিরূপে?

৫। নিম্নলিখিত বৈষ্ণবগণের জীবনী সংক্ষেপে লিখুন :—

(১) শ্রীজীবগোস্বামী প্রভু, (২) শ্রীরঘুনাথ ভট্টগোস্বামী প্রভু, (৩) শ্রীগৌরকিশোর দাস গোস্বামী প্রভু, (৪) বেদান্তদেশিক, (৫) শ্রীঅচ্যুতপ্রেক্ষতীর্থ, (৬) শ্রীনিবাসাচার্য্য (নিম্বার্ক), (৭) শ্রীমাধবেন্দ্র পুরী, (৮) শ্রীনরহরি সরকার ঠাকুর, (৯) শ্রীবাস পণ্ডিত, (১০) জয়-তীর্থ।

৬। নিম্নলিখিত স্থানগুলি কোথায়?

(১) মোদদ্রুমদ্বীপ (২) রামচন্দ্রপুর, (৩) ঢাকা-দক্ষিণ, (৪) পরব্যোম, (৫) মহৎপুর বা মাতাপুর, (৬) কোলদ্বীপ, গদখালির কোল আমাদ, কোলের গঞ্জ, তেঘরির কোল, (৭) শ্রীমাজদিয়া বা মধ্যদ্বীপ, (৮) গোপীবল্লভপুর, (৯) খেতরি, (১০) উড়ুপী।

৭। নিম্নলিখিত শব্দের অর্থ কি?

(১) অতিবাড়ী, (২) জাতিগোস্বামী, (৩) সখীভেকী, (৪) ভাড়াটিয়া ভক্ত, (৫) পঞ্চসংস্কার, (৬) গুরুপ্রণালী, (৭) বৈষ্ণবের প্রায়, (৮) রাগানুগ ও বৈধ, (৯) দৈব ও আসুর, (১০) মন্ত্র ও মহামন্ত্র।

৮। চারি-সম্প্রদায়ের মূলাশ্রয়ের নাম, প্রবর্ত্তক আচার্য্যের নাম, আনুমানিক কাল, উপাস্য বিগ্রহের মূর্ত্তি, উপাসনার রস, উপাসনার প্রকার, ব্রহ্মসূত্রের প্রতি সম্প্রদায়ের ভাষ্যের নাম, ভাষ্যের টীকা-টীপ্পনীকার-গণের নাম, শিষ্য-পরম্পরামধ্যে খ্যাতজনের নাম এবং প্রত্যেকের মতের সংক্ষিপ্ত বিবরণ লিখুন।

সম্প্রদায়-বৈভব দ্বিতীয় প্রশ্ন (৪৩২ গৌরাব্দ)

পূর্ণসংখ্যা ১০০ ; কাল—চৈত্রসংক্রান্তি-পর্য্যন্ত ।

(১) গৌড়ীয়-বৈষ্ণবসম্প্রদায়ে শুদ্ধ-ভক্তিরক্ষণের উপায় ।

(২) অর্থপিপাসা, ইন্দ্রিয়তর্পণ ও প্রতিষ্ঠা-সংগ্রহ-ত্রয় বর্জ্জনের উপায় ও শুদ্ধভক্তির স্বরূপ ।

শ্রীনবদ্বীপ-ধাম-প্রচারিণী সভা

ভক্তিশাস্ত্র-প্রবেশিকার প্রশ্নপত্র (৪৩২ গৌরাব্দে)

কাল—১০ দণ্ড ।

১। শ্রীনিত্যানন্দ প্রভু, শ্রীহরিদাস ঠাকুর, শ্রীমাধবেন্দ্র পুরী, শ্রীউদ্ধারণ ঠাকুর, শ্রীচন্দ্রশেখর আচার্য্য, শ্রীগদাধর দাস, শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী, শ্রীসনাতন গোস্বামী, শ্রীরামানন্দ রায় ও শ্রীবৃন্দাবন দাস ঠাকুর। ইঁহাদের সম্বন্ধে সংক্ষেপ বিবরণ লিখিতে হইবে। ১০

২। ভক্তি কয় প্রকার, ভক্তের অধিকার কয় প্রকার, ভক্ত্যঙ্গ কয় প্রকার, ও তাঁহাদের সংক্ষেপ পরিচয় লিখুন। ১৫

৩। আভিজাত্য, বিদ্যা, প্রতিষ্ঠা, মর্য্যাদা, ব্রত, সৎকর্ম্ম, ত্যাগ প্রভৃতি ঐহিক ফল কৃষ্ণ-ভক্তির বাধক কি প্রকারে ? উহারাই কিরূপে অনুকূল হয় ? ১০

৪। বেদের সম্বন্ধাভিধেয়-প্রয়োজন সংক্ষেপে সরল ভাষায় বর্ণন করিতে হইবে। ১৫

৫। 'দশসংস্কার' কাহাকে বলে ? বৈষ্ণবের বিংশ সংস্কার কি কি ? বৈষ্ণবগণ কেহ 'ত্রিদণ্ড' গ্রহণ করেন ? ১৫

৬। বৈষ্ণবধর্ম্মের সহিত জগতের অন্যান্য ধর্ম্মের পার্থক্য। ১৫

৭। (১) অন্নজল ও মহাপ্রসাদচরণামৃত, (২) অন্যগ্রাম নগর ও বৃন্দাবন-নবদ্বীপ, (৩) বর্ণাশ্রম ও পারমহংস্য, (৪) গুরু ও অপর মনুষ্য, (৫) শিলা ও শালগ্রাম, (৬) নামমন্ত্র ও অন্যশব্দ, (৭) গৌরহরি ও ধর্ম্মপ্রচারক, (৮) ত্যাগ ও ভোগ, (৯) বৈষ্ণব ও ছত্রিশ জাতি, (১০) বিষ্ণু, বৈষ্ণব ও শিবাদি দেবতা। ২০

উপরি-উক্ত বিষয়ের পরস্পরের তারতম্য আলোচ্য।

আচার্য্য-পরীক্ষায় ভক্তিশাস্ত্র-প্রশ্নপত্র (৪৩২ গৌরাব্দ)

পূর্ণসংখ্যা—১০০ ; কাল—১০ দণ্ড।

[যে কোন পাঁচটী প্রশ্নের উত্তর লিখুন। প্রতিপ্রশ্নে সম সংখ্যা।]

১। শাস্ত্রনামোল্লেখে ভক্তির বিভিন্ন সংজ্ঞা লিখুন। কর্ম্ম ও জ্ঞান-সহ ভক্তির পার্থক্য কোথায় ?

২। চতুঃষষ্টিপ্রকার ভক্ত্যঙ্গ কি কি ? সাধন, ভাব ও প্রেম-ভক্তির পরস্পর পার্থক্য কি ?

৩। রতি ও রস কাহাকে বলে ? রস কয় প্রকার ? জড়রস ও চিদ্‌রসে বিষয় ও আশ্রয়ের কিরূপ পরস্পর বৈপরীত্য, তাহা উদাহরণদ্বারা বুঝাইয়া দিন।

৪। ফল্গুবৈরাগ্য ও যুক্তবৈরাগ্যের সংজ্ঞা লিখিয়া বুঝাইয়া দিন।

৫। বৈধ ও রাগানুগমার্গের পার্থক্য কি ? বিভাব ও অনুভাব কাহাকে বলে ?

৬। নিম্নলিখিত শব্দের অর্থ লিখুন :—

(১) দীক্ষা, (২) সবন, (৩) প্রসাদ, (৪) শৌক্র, (৫) প্রেমবৈচিত্ত্য, (৬) জীবন্মুক্ত, (৭) গুরু, (৮) সেবাপরাধ, (৯) ভজন, (১০) অর্চ্চা।

দ্বিতীয় প্রশ্নপত্র (৪৩২ গৌরাব্দ)

"প্রতিপ প্রিয়নাথের প্রশ্নের প্রত্যুত্তর" অবলম্বনপূর্ব্বক একটী প্রবন্ধ লিখুন।

সম্প্রদায়-বৈভব—প্রথম প্রশ্ন পত্র (৪৩২ গৌরাব্দ)

পূর্ণ-সংখ্যা—১০০ ; কাল—দশ দণ্ড

১। নিম্নলিখিত শব্দগুলি দ্বারা কি কি উদ্দিষ্ট হয় ? সংখ্যা ও নাম উল্লেখপূর্ব্বক ঐ শব্দগুলির সার্থকতা নির্দ্দেশ করুন :—

(১) নবদ্বীপ, (২) দ্বাদশগোপাল, (৩) নামাপরাধ (৪) দ্বাদশ বিষ্ণুদাস, (৫) প্রভুর তিন রঘুনাথ, (৬) পঞ্চাশৎ জীব-গুণ, (৭) চতুর্দ্দশ ভুবন, (৮) রিপুষটক, (৯) অষ্টসাত্ত্বিক বিকার, (১০) দশোপনিষৎ, (১১) অষ্টাদশ পুরাণ, (১২) ষড়্দর্শন, (১৩) নবরসিক, (১৪) দশনামী সন্ন্যাসী, (১৫) চতুঃষষ্টিগুণ, (১৬) চতুঃশ্লোকী ভাগবত।

২। নিম্নলিখিত বৈষ্ণবগণের প্রকটকাল উল্লেখ করিয়া সংক্ষিপ্ত জীবনী লিখুন :—

(১) প্রকাশানন্দ, (২) প্রবোধানন্দ, (৩) জয়দেব, (৪) কবি-কর্ণপূর, (৫) বিল্বমঙ্গল, (৬) জীবগোস্বামী, (৭) নরোত্তম ঠাকুর, (৮) অতিবাড়ী জগন্নাথ, (৯) ভক্তিবিনোদ ঠাকুর, (১০) ঠাকুর হরিদাস।

৩। (ক) চতুঃসম্প্রদায়ের নাম ও প্রত্যেকের আদি পুরুষ, (খ) গৌড়ীয়বৈষ্ণবের আচার্য্যপরম্পরা, (গ) বৈষ্ণব-সম্প্রদায়-চতুষ্টয়ের বেদান্ত-ভাষ্যের নাম, (ঘ) ভক্তিবিনোদ ঠাকুরের রচিত গ্রন্থাবলীর নাম, (ঙ) জীবের রচিত গ্রন্থ, (চ) গোপাল ভট্টের প্রণীত গ্রন্থ, (ছ) সনাতনের রচিত গ্রন্থ, (জ) শ্রীরূপের গ্রন্থাবলী, (ঝ) কর্ণপূর রচিত গ্রন্থ।

৪। নিম্নলিখিত শব্দের উদ্দিষ্ট অর্থের ও স্বরূপের মধ্যে পরস্পরের প্রভেদ ও বিশেষত্ব কি বুঝাইয়া দিন :—

(ক) গোস্বামী ও গৃহব্রত, (খ) শ্রীনাম, নামাভাস ও নামাপরাধ, (গ) বৈষ্ণব ও শাক্ত, (ঘ) বিবর্ত্ত ও পরিণামবাদ, (ঙ) ফল্গু ও যুক্তবৈরাগ্য, (চ) স্মার্ত্ত ও পরমার্থী, (ছ) শ্রীকৃষ্ণ ও নারায়ণ, (জ) ব্রাহ্মণ ও বৈষ্ণব, (ঝ) কৃষ্ণ ও মায়া।

৫। নিম্নলিখির শব্দগুলির অর্থ কি ?

শৌক্র, সাবিত্র্য, দৈক্ষ, পরমহংস, মধ্যমাধিকারী, গ্রাম্যকথা, মহামহা-প্রসাদ, স্ত্রীসঙ্গী, রূপানুগ।

৬। নিম্নলিখিত স্থানগুলি কোথায় ও কি জন্য বিখ্যাত ?

মায়াপুর, পানিহাটী, গোদ্রুম, কুলিয়া, খানাকুল, উড়ুপী, রামকেলি, বিদ্যানগর, গাঠোলী, ভোগবর্দ্ধন।

সম্প্রদায়-বৈভব—দ্বিতীয় প্রশ্ন পত্র (৪৩২ গৌরাব্দ)

পূর্ণ-সংখ্যা—১০০ ; প্রত্যেক প্রশ্ন সম-সংখ্যা

কাল—চৈত্র-সংক্রান্তি-পর্য্যন্ত

১। চতুঃসম্প্রদায়ের মতের সহিত গৌরসুন্দরের মতের পার্থক্য।

২। রূপানুগ বৈষ্ণবের ভজন-পন্থার উপায় কি ?

৩। স্মার্ত্ত, জাতি-গোস্বামী, সহজিয়া, বাউল প্রভৃতির হেয়ত্ব।

৪। বৈষ্ণবস্মৃতি ও রঘুনন্দনের অবৈষ্ণব লৌকিক স্মৃতি।

পঞ্চরাত্র—প্রশ্নপত্র (৪৩২ গৌরাব্দ)

পূর্ণ-সখ্যা—১০০ ; কাল—৫ দণ্ড।

[প্রতি প্রশ্নে সমসংখ্যা। যে কোন দশটী প্রশ্নের উত্তর লিখিতে হইবে]

১। "দীক্ষা" কাহাকে বলে ? "দীক্ষা" কয় প্রকার ? দীক্ষায় কাহার অধিকার আছে ? দীক্ষা গৃহীত হইলে দ্বিজত্ব লাভ হয়, তাহার প্রমাণ কি ? 'দ্বিজত্ব' শব্দের অর্থ কি ? দীক্ষিত ব্যক্তিকে তাঁহার শৌক্র বর্ণদ্বারা অদীক্ষিত অবস্থার জাতি জানিলে কি দোষ হয় ?

২। জন্ম কয় প্রকার। বর্ণ কয় প্রকার ? কোন্ কোন্ জন্মে কোন্ কোন্ বর্ণ হইতে পারে ? ঐ সকল কথা কোন্ কোন্ শাস্ত্রে আছে ?

৩। বর্ণাশ্রমধর্ম্ম ও পারমহংস্যের মধ্যে পার্থক্য কি ?

৪। 'নৈবেদ্য' কাহাকে বলে ? বিষ্ণু-নৈবেদ্যের দ্বারা কি কি কার্য্য হয় ? নৈবেদ্যের অসম্মান করিলে কি ফল হয় ? মহাপ্রসাদ স্পর্শ-দোষে দুষ্ট হয় কি না ? নৈবেদ্য, প্রসাদ ও অন্যবস্তুর মধ্যে ভেদ কি ?

৫। কোন্ কোন্ ক্ষেত্রে অষ্ট মহাদ্বাদশীর উপবাস করিতে হয়? 'অরুণোদয়-বিদ্ধা' কাহাকে বলে?

৬। দ্বিজগণের দশসংস্কার কাহাকে বলে? গৃহস্থ বৈষ্ণবগণের পঞ্চসংস্কার কি? বিরক্ত বৈষ্ণবগণের দশ সংস্কার কি?

৭। দীক্ষিত বৈষ্ণবের শ্রাদ্ধবিধি কিরূপ?

৮। দীক্ষিত বৈষ্ণবের অন্য দেবার্চ্চনায় কিরূপ অধিকার আছে?

৯। যতির দণ্ড কয় প্রকার? ত্রিদণ্ডি-যতিকে নমস্কার না করিলে কি অপরাধ হয় এবং তাহার প্রায়শ্চিত্ত কি? গলদেশে তুলসীমালা ধারণ না করিলে কি দোষ?

১০। ভগবদ্ধর্ম্ম কি কি?

১১। নামাপরাধ কি কি? অপরাধ প্রশমনের উপায় কি?

১২। নিম্নলিখিত শব্দে কি বুঝায়?

(১) সপ্তমী-বিদ্ধা জন্মাষ্টমী, (২) অরুণোদয়-বিদ্ধা একাদশী, (৩) সাবিত্র্য ব্রহ্মচর্য্য, (৪) হবিষ্যান্ন, (৫) দ্বাদশ তিলক, (৬) পীঠপূজা, (৭) চাতুর্ম্মাস্য, (৮) পার্শ্ব-পরিবর্ত্তন, (৯) হবিষ্য, (১০) প্রতিমা।

পঞ্চরাত্র—দ্বিতীয় পত্র (৪৩২ গৌরাব্দ)

কাল—সংক্রান্তি পর্য্যন্ত

১। ঐকান্তিকী হরিভক্তি ও শ্রুতি-স্মৃতি-পুরাণাদি পঞ্চরাত্র-বিধি।

২। কৃষ্ণপ্রেমা-ব্যতীত শাস্ত্রের ও বৈষ্ণবগুরুর অন্য ফলাকাঙ্ক্ষা নাই।

শ্রীধাম-মায়াপুর-পরবিদ্যাপীঠ

'ভক্তিশাস্ত্রী'-পরীক্ষা (গৌরাব্দ ৪৪৪)

৩০শে ফাল্গুন, ১৩৩৬ ; ১৪ই মার্চ্চ ১৯৩০, শুক্রবার,

গৌরজন্মোৎসব-বাসর, গৌরাব্দ ৪৪৪ ।

(কাল—১০ দণ্ড ; প্রাতঃ ৭টা হইতে ১১টা)

দ্রষ্টব্য—প্রতি প্রশ্নের প্রান্তস্থিত অঙ্ক সেই সেই প্রশ্নেরই পূর্ণ-সংখ্যাজ্ঞাপক ।

১ । শ্রীচৈতন্যদেবের চরিত্র ও তাঁহার শিক্ষা সংক্ষেপে বর্ণন করুন । ১২

২ । প্রাচীন-নবদ্বীপের সহিত বর্ত্তমান নদীয়ার বৈশিষ্ট্য নিরূপণ করুন । ১২

৩ । নিম্নলিখিত শব্দসমূহের বিশেষ অর্থ-সহ ব্যাখ্যা লিখুন— ৩০

(ক) পারকীয়, (খ) বিবর্ত্ত, (গ) ঊদীচ্যকর্ম্ম. (ঘ) বৈষ্ণবহোম, (ঙ) পঞ্চসংস্কার, (চ) সমাবর্ত্তন, (ছ) বিপ্রলিপ্সা, (জ) সুকৃতি, (ঝ) মহাভাব (ঞ) অষ্টকালীয় লীলা, (ট) ভক্ত-প্রসাদজ ভাব, (ঠ) বহির্ম্মুখ-সঙ্গ (ড) আপন-দশা, (ঢ) মানশূন্যতা, (ণ) রাগাত্মিকা, (ত) নামাভাস, (থ) ইজ্যা, (দ) বর্ণাশ্রম, (ধ) সিদ্ধি, (ন) রস ।

৪ । বৈষ্ণবধর্ম্মের সহিত জগতের অন্যান্য ধর্ম্মের পার্থক্য সংক্ষেপে বর্ণন করুন । ১২

৫ । কর্ম্ম, জ্ঞান ও ভক্তির বৈশিষ্ট্য বর্ণন করুন ১২

৬ । স্বেচ্ছাচারিতা ও বৈষ্ণব-জীবনের ভেদ নিরূপণ করুন ১০

৭ । কিরূপে অনর্থ নিবৃত্তি হয়, তাহা বর্ণন করুন ১২

শ্রীধাম-মায়াপুর পরবিদ্যাপাঠ

সম্প্রদায়বৈভবাচার্য্য-পরীক্ষা (গৌরাব্দ ৪৪৪)

কাল—১৫ দণ্ড (৬ ঘণ্টা)

পূর্ণ সংখ্যা—১০০

১। নিম্নলিখিত শব্দসমূহের অর্থ লিখুন— ১৫

(ক) শ্রীকৃষ্ণসঙ্কীর্ত্তন, (খ) উজ্জ্বল রস, (গ) অচিন্ত্যভেদাভেদ, (ঘ) প্রাকৃত-সাহজিক, (ঙ) কীর্ত্তনাখ্যা ভক্তি।

২। নিম্নলিখিত শব্দসমূহের পরস্পর বৈশিষ্ট্য কি ? ১৫

(ক) শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ ; (খ) বৈকুণ্ঠ ও মায়া ; (গ) স্মার্ত্ত ও পরমার্থী ; (ঘ) আধ্যক্ষিকতা ও অধোক্ষজভক্তি ; (ঙ) 'কারণ' 'গর্ভ' ও 'ক্ষীরোদকশায়ি'বিষ্ণুত্রয়।

৩। নিম্নলিখিত শব্দসমূহের পরস্পর সামঞ্জস্য কি ? ১৫

(ক) অজের জন্ম ; (খ) প্রাকৃত-ইন্দ্রিয়ের অগ্রাহ্য ও মানসী সেবা ; (গ) অধ্যাত্ম ও অপ্রাকৃত ; (ঘ) মুখ্যনাম ও কৃষ্ণেতর নাম; (ঙ) নির্জ্জন-ভজন ও কীর্ত্তন।

৪। জগতের বিভিন্ন আচার্য্যগণ হইতে শ্রীচৈতন্যদেবের শিক্ষার বৈশিষ্ট্য কোথায় ? ১২

(ক) নিম্নলিখিত স্থানগুলি কোথায় ?

(ক) পাপনাশন, (খ) ব্রহ্মসংহিতা-সংগ্রহের স্থান, (গ) বদরিকাশ্রম, (ঘ) শুকরতল, (ঙ) সম্ভল, (চ) রামানন্দমিলনস্থল, (ছ) গোকর্ণ, (জ) পিতৃলোক, (ঝ) মায়াবাদীর প্রাপ্য লোক, (ঞ) কর্ম্মীর প্রাপ্য লোক।

৬। বৈষ্ণবী প্রতিষ্ঠা ও জাগতিক উন্নতির কামনা—এতদুভয়ের ভেদ কোথায় ? তৃতীয়-সংস্কার-নাম গ্রহণের আবশ্যকতা কি ? বৈষ্ণব-উচিত দৈন্যমুখে কৃপা-প্রদত্ত ভক্তিসূচক সংজ্ঞা গ্রহণ করা বিধেয় কি না ? ১০

৭। নিম্নলিখিত ভক্তগণের পাঞ্চরাত্রিক বা ভাগবত অধিকার ? ১০

(ক) রামার্চ্চনচন্দ্রিকার সংগৃহীতা, (খ) রামানন্দস্বামী (গ) ছলারি-নৃসিংহাচার্য্য (ঘ) রসিকানন্দ, (ঙ) লৌকিক গোস্বামি-উপাধি-ধারিগণ, (চ) ব্যাসকূটীয়গণ, (ছ) ত্যাগি-সাধু-মহান্তগণ, (জ) বৈখানস-সম্প্রদায়, (ঝ) উপরিচর বসু (ঞ) অপান্তরতমা।

৮। বৈষ্ণবগণের পরমহংসাধিকার ও বর্ণাশ্রমাধিকারে যোগ্যতা কিরূপ ? ১১

বাণীহট্ট—শ্রীগৌড়ীয় মঠ

ভক্তিশাস্ত্রী-প্রবেশিকা পরীক্ষা (গৌরাব্দ ৪৪৪)

[২০শে ও ২১শে আশ্বিন ১৩৩৭, শ্রীগৌড়ীয় মঠে ভক্তিশাস্ত্রী-পরীক্ষা গৃহীত হইয়াছে। 'পারমার্থিক-আলোচনা-সম্মিলনীর' প্রতিনিধিবর্গের জন্য যে প্রশ্ন প্রদত্ত হইয়াছিল, তাহাই ভক্তিশাস্ত্রী পরীক্ষার প্রশ্নপত্র রূপে প্রদত্ত হইয়াছে]

(সম্বন্ধাভিধেয়-প্রয়োজনক্রমে গুম্ফিত ১২৫ প্রশ্নটী)

দ্রষ্টব্য—প্রত্যেক প্রশ্নের উত্তর উপযুক্ত যুক্তি ও প্রমাণের সহিত প্রদত্ত হওয়া আবশ্যক।

সম্বন্ধ-তত্ত্ব-বিষয়ক

১। জ্ঞানের স্বরূপ কি ?

২। জ্ঞেয় পদার্থের স্বরূপ কি ?

৩। জ্ঞেয় পদার্থের অস্তিত্ব-সংরক্ষণের কালের পরিমাণ কি ?

৪। জ্ঞাতা কে ? জ্ঞাতার বিশ্লেষণ কি ?

৫। জীবের সহিত জ্ঞানের সম্বন্ধ কি ?

৬। জীবের পূর্ণ-জ্ঞাতৃত্ব সম্ভব কি না ? যদি সম্ভব না হয়, তাহা হইলে পূর্ণজ্ঞাতৃত্ব কাহার ?

৭। পূর্ণজ্ঞাতার অজ্ঞানাশ্রয় সম্ভব কি না ?

৮। জ্ঞানের স্থূলাধার, জ্ঞেয়ের স্থূলাধার ও জ্ঞাতার স্থূলাধার এবং তাহাদের সূক্ষ্ম আধারের মধ্যে কাহার কতদিন আয়ু ?

৯। অজ্ঞান-অমিশ্র শুদ্ধজ্ঞানের সহিত অজ্ঞানাশ্রিত বোধের পার্থক্য কোথায় এবং কি পরিমাণ পার্থক্য ?

১০। ঈশ্বর, জীব, প্রকৃতি, কাল ও কর্ম্মের কিরূপ ধারণা করিতে হইবে ?

১১। দৃশ্য জগতের সহিত দ্রষ্টার সম্বন্ধ কত কাল স্থায়ী ?

১২। দ্রষ্টা, দৃশ্য ও দর্শন—এই ত্রিপুটী বিনষ্ট হইলে ; শ্রোতা, শ্রবণীয় ও শ্রবণ বিলীন হইলে ; নাসা, ঘ্রাণ ও গন্ধ একীভূত হইলে ; জিহ্বা, আস্বাদন ও রসের বৈশিষ্ট্য বিলুপ্ত হইলে ; ত্বক্, স্পর্শ ও সংযোগের বৈশিষ্ট্য না থাকিলে জ্ঞান রাহিত্য বা জ্ঞান-সাহিত্য কোন্‌টী অবস্থিত হয় ?

১৩। 'চিৎ' ও 'জড়ের' মধ্যে পার্থক্য আছে কি না ? অথবা কি উভয়ই এক ?

১৪। জীব ও ব্রহ্মের মধ্যে বৈশিষ্ট্য বর্ত্তমান কি না ?

১৫। জীবের বদ্ধ ও মুক্ত—উভয় দশা আছে কি না ?

১৬। ব্রহ্ম, পরমাত্মা ও ভগবানের মধ্যে পরস্পর বৈশিষ্ট্য কি ?

১৭। পরমেশ্বরের স্বরূপের সহিত বশ্য ও অতিবশ্যগণের স্বরূপগত ভেদ আছে কিনা ?

১৮। জীব কত প্রকার ক্লেশ ভোগ করে? কে ক্লেশ ভোগ করে? জীবের মুক্তির সম্ভাবনা আছে কি না?

১৯। মুক্ত জীবের অবস্থান কোথায়?

২০। স্বরূপ ও বিরূপের মধ্যে সমন্বয় বা পার্থক্য কোন্ অবস্থায় বর্তমান?

২১। বিশ্ব সত্য কি না?

২২। মায়িকব্রহ্মাণ্ড ও বৈকুণ্ঠের মধ্যে বৈশিষ্ট্য আছে কি না? যদি থাকে, তাহা হইলে তাহা কিরূপ?

২৩। ত্রিগুণ ও নির্গুণ সম্বন্ধে আপনার ধারণা কিরূপ?

২৪। ত্রিগুণের অতীত রাজ্য কিরূপ?

২৫। উপনিষৎপ্রোক্ত 'ব্রহ্মপুর' নিত্য না অনিত্য? বিচিত্রতাযুক্ত না নিরাকার?

২৬। মায়া সম্বন্ধে আপনার ধারণা কি? মায়া নিত্যা না অনিত্যা? স্বাধীনা, না পরাধীনা? তত্ত্ব, না অতত্ত্ব? ছায়া, না কায়া? ছায়া হইলে কাহার ছায়া?

২৭। প্রমাণশিরোমণি কি?

২৮। বেদান্তের প্রকৃত তাৎপর্য্য কি? বেদান্তের বিবদমান ভাষ্য সমূহের মধ্যে কোন্‌টী নিরাপদে সূত্রকারের সিদ্ধান্ত-সম্মত বলিয়া গ্রাহ্য?

২৯। বেদ, শ্রুতি, পুরাণ, পঞ্চরাত্র কি ভিন্নার্থক, না একার্থক? পুরাণ কি বেদ হইতে ভিন্ন?

৩০। তামস, রাজস, সাত্ত্বিক ও নিগুর্ণ পুরাণের বিবদমান মতের সমন্বয় কিরূপে হইবে?

৩১। শ্রুতি ও স্মৃতির বিরোধে শ্রুতির মত গ্রাহ্য, কিন্তু শ্রুতির তাৎপর্য্যে বিবাদ উপস্থিত হইলে বেদান্তে তাহার তাৎপর্য্য মৃগ্য, আবার

বেদান্তের তাৎপর্য্যে যদি বিবাদ উপস্থিত হয়, তাহা হইলে কাহার মত অভ্রান্তরূপে গ্রাহ্য হইবে ?

৩২। অবতার সম্বন্ধে আপনার ধারণা কি ? অবতার কি প্রাকৃত ও অনিত্য ? অবতার ও অবতারীতে পার্থক্য কি ? অবতারীর স্বরূপ কি ?

৩৩। 'সচ্চিদানন্দময়' শব্দের তাৎপর্য্য কি ? সচ্চিদানন্দময় বস্তু নির্ব্বিশেষ না সবিশেষ ?

৩৪। পরমেশ্বর এক, না বহু ? এক হইলে দেবতাগণ কিরূপে "সর্ব্বেশ্বর পরমেশ্বর' পদবাচ্য হইবেন ?

৩৫। পরমেশ্বরের অনন্ত নাম ও দেবতাগণের বিভিন্ন নাম কি এক তাৎপর্য্য-বাচক ? পরমেশ্বরের নামের মুখ্য ও গৌণ-বিচার আছে কি না ? যে-কোন দেবতার নাম পরমেশ্বরের নামের অন্যতম কল্পনা করিলেই পরমেশ্বরভজনের চরম উদ্দেশ্য লাভ হইবে কি না ?

৩৬। পরমেশ্বর পরমৈশ্বর্য্যবান্ কি না ? পরমৈশ্বর্য্যবান্ সর্ব্বশক্তিমান কি না ? সর্ব্বশক্তিমানে কোন শক্তির অভাব থাকিতে পারে কি না ? সর্ব্বশক্তিমত্তায় বিরুদ্ধ-শক্তিমত্তা থাকিতে পারে কি না ?

৩৭। পরতত্ত্বে দেহ-দেহী, ধর্ম্ম-ধর্ম্মী ভেদ আছে কি না ?

৩৮। "রসো বৈ সঃ" শ্রুতি-মন্ত্রে কি বুঝায় ? রসময়তত্ত্বের স্বরূপ কি ? "রসো বৈ সঃ" শ্রুতিমন্ত্র-নির্দ্দিষ্ট পুরুষ কি প্রকারে নির্ব্বিশেষ হইতে পারেন ?

৩৯। কেবলমাত্র যুক্তিদ্বারা পরমসত্য নির্ণীত হইতে পারে কি না ? শব্দপ্রমাণ স্বীকার না করিয়া কেবল যুক্তির সাহায্য গ্রহণ করিলে অসুবিধা কি ?

৪০। পরমেশ্বর কি সর্ব্বতন্ত্রস্বতন্ত্র নিরঙ্কুশস্বেচ্ছাময় স্বরাট্, অথবা সাময়িক চিত্তবৃত্তিনিরোধ বা কাম-সাধনের কল্পিত যন্ত্রবিশেষ? পরমেশ্বর স্বেচ্ছাচারী হইলে পরমেশ্বরে দোষ ও জগজ্জঞ্জাল উপস্থিত হইবে কি না?

৪১। পরমেশ্বরের নাম, রূপ, গুণ, পরিকরবৈশিষ্ট্য, লীলা নিত্য কি না? ইহারা পরস্পর ভিন্ন না অভিন্ন?

৪২। পরমেশ্বরের নাম, রূপ, গুণ, লীলা কি জীবকল্পিত, না পরমেশ্বরে স্বতঃসিদ্ধ? লীলা ও কর্ম্মে ভেদ কি? কর্ম্মফলবাধ্য জীবের জন্ম ও পরমেশ্বরের জন্ম-আবিষ্কার কি এক?

৪৩। উপাস্যের স্বরূপ কি? উপাসকেরই বা স্বরূপ কি? উভয় স্বরূপের নিত্যতা আছে কি না?

৪৪। বদ্ধ ও মুক্তের অবস্থাভেদ স্বীকৃত হইলে উপাসকের নিত্যত্বের ব্যাঘাত হয় কি না?

৪৫। নির্ব্বেদ-ব্রহ্মানুসন্ধিৎসুর বিবর্ত্ত-বিচারে তাহাকে গুরুস্থানীয় ধারণা করা যাইতে পারে কি না?

৪৬। জীব ও ব্রহ্মে ভেদ স্বীকৃত হইলে কি কি দোষ উপস্থিত হয়?

৪৭। জীব ও ব্রহ্মে অভেদ জানিলে তাহাতে বিবর্ত্তের হস্ত হইতে কিরূপে পরিত্রাণ পাওয়া গেল জানা যায়?

৪৮। ভূতাকাশ ও কেবল চিদাকাশের মধ্যে পার্থক্য আছে কি না? থাকিলে কি প্রকার পার্থক্য?

৪৯। Anthropomorphism (মানবোচিত বিলাসগত ভগবদধিষ্ঠান) এবং Apotheosis (মানবে দেবারোপবাদ) কল্পনামূলে বাস্তব-বস্তু নির্দ্দেশের পন্থা উদ্ভূত হইয়াছে কি না? যদি না হইয়া থাকে, তবে তাহার কারণ কি?

৫০। পরমেশ্বর-বস্তুর মাতৃত্বারোপ, দুহিতৃত্বারোপ, পত্নীত্বারোপ, স্বস্থত্বারোপ দোষাবহ কি না?

৫১। ভগবত্তার কান্তত্ব, অপত্যত্ব, বন্ধুত্ব, প্রভুত্ব ও নিরপেক্ষত্ব সম্ভব কি অসম্ভব? যদি সম্ভব হয়, তাহা হইলে কিরূপে?

৫২। পরতত্ত্ব-নির্ণয়ে তত্ত্ববস্তু সংশয়াধীন, অজ্ঞেয়, শূন্য, নির্গুণ, ক্লীব, পুরুষ, মিথুন, স্বকীয়, পারকীয়—ইহাদের মধ্যে কোন্‌টী?

৫৩। কৃষ্ণলীলা কি কাল্পনিক? না মূঢ়লোকোচিত অন্ধবিশ্বাস?

৫৪। নির্ব্বিশেষ ব্রহ্মের রূপ কল্পনা হয় কি না? ভগবান্ মায়ামিশ্রিত হইয়া জগতে আসেন কি না? তাহাতে তাঁহার ভগবত্তা থাকে কি না? ভগবল্লীলাগুলি রূপক-ব্যাপার কি না?

অভিধেয়তত্ত্ব-বিষয়ক

১। জ্ঞান কিরূপে লভ্য হয়?

২। কর্ম্ম, জ্ঞান, যোগ; তপস্যা ও ভক্তির স্বরূপ কি?

৩। নৈষ্কর্ম্ম্য বলিতে কি বুঝায়?

৪। স্বাধ্যায়, যোগ, তপস্যা, নির্ব্বেদ প্রভৃতির সহিত ভক্তির কিছু তারতম্য আছে কি না?

৫। ভুক্তি, মুক্তি ও ভক্তি—ইহাদের মধ্যে নিত্য পার্থক্য অবস্থিত কি না?

৬। কাম-ক্রোধাদি বৃত্তির আকর স্থান কোথায়? ভক্তির সহিত উহাদের পার্থক্য কি? কিরূপে মুক্তি লাভ হয়?

৭। “রসো বৈ সঃ” শ্রুতি-নির্দ্দিষ্ট পরাৎপর রসময়তত্ত্ব ব্যতীত অন্য বস্তুতে ‘ভক্তি’ শব্দ প্রযোজ্য হইতে পারে কি না? ইতর-দেবতা ও

জড়মায়াশক্তি প্রভৃতিতে 'ভক্তি'-শব্দ প্রযুক্ত হইলে তাহা ভক্তির স্বরূপলক্ষণ প্রকাশ করে কি না ?

৮। বৈকুণ্ঠবস্তুর সেবায় ও মায়িক বস্তুর সেবায় কোন ভেদ আছে কি না ? এবং তাদৃশ বিভিন্ন বস্তুর সেবার ফল কি এক, না পৃথক্ ?

৯। ব্রহ্মজ্ঞান, পরমাত্মযোগ ও ভগবৎসেবার মধ্যে যে বৈশিষ্ট্য আছে, তাহা কিরূপ অবস্থায় স্থিত ও উপযোগী ?

১০। মনোধর্ম্মজীবিগণের আধ্যক্ষিক বিচার-প্রণালী অধোক্ষজ ভূমিকায় কিরূপে ও কি পরিমাণে কার্য্য করিতে পারে ?

১১। নিত্যবদ্ধ-নিত্যমুক্ত হইতে পারেন কি না ?

১২। ঐহিক জীবনে পরমার্থ-অন্বেষণ কি প্রকারে সম্ভব হইতে পারে ?

১৩। বৈরাগ্য প্রয়োজনীয় বিষয় কি না ? বৈরাগ্যের অপব্যবহার ও আসক্তির অপব্যবহারের দ্বারা কোন নিত্যমঙ্গল লাভ হয় কি না ?

১৪। একজগদ্গুরুবাদ, মহান্তজগদ্গুরুবাদ, তথাকথিত কুল-গুরুবাদ বা লৌকিকগুরুবাদ কিম্বা অন্যাভিলাষিগুরু, কর্ম্মিগুরু, জ্ঞানিগুরু, যোগিগুরু, তপস্বিগুরু, ঐন্দ্রজালিকগুরু, মর্ত্ত্যগুরু-বাদের মধ্যে কোনটী স্বীকার্য্য এবং কোন্টী কি কারণে অস্বীকার্য্য ?

১৫। গুরুবিমুখবাদ বা গুরু-অস্বীকারবাদ ত্যাজ্য, কি গ্রহণীয় ? কি কি কারণে ত্যাজ্য এবং কি কি কারণেই বা গ্রহণীয় ?

১৬। মহান্তগুরুবাদ জাতিসামান্যবাদের কবলে কবলিত হইতে পারে কি না ?

১৭। আরোহবাদ ও অবরোহবাদের অনুকূলে ও প্রতিকূলে কি কি কথা আছে ?

১৮। শুদ্ধাদ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ, দ্বৈতাদ্বৈতবাদ ও শুদ্ধদ্বৈত-বাদের সহিত কেবলাদ্বৈতবাদের কোথায় কোথায় কিরূপ পার্থক্য ? ইহাদের বিবাদ কোন্ সিদ্ধান্তের দ্বারা সুসমন্বিত হইতে পারে ?

১৯। অচিন্ত্যভেদাভেদ-সিদ্ধান্ত কি ঐ সকল মতবাদের ন্যায় আর একটী প্রতিযোগী বিবদমান মতবাদ? অচিন্ত্য-ভেদাভেদের 'অচিন্ত্য' শব্দটী কি প্রতারণামূলক?

২০। মতভেদ হয় কেন এবং কিরূপে হয়?

২১। 'সমন্বয়' শব্দের তাৎপর্য্য কি? সকলের সকল কথায় সায় দিবার নামই কি সমন্বয়? সত্য কি বহু, না এক?

২২। জন্মান্তরবাদ স্বীকারে দোষ কি? ভোগ ও ত্যাগমূলা ধারণায় পরমার্থ-বিষয়ের কি কি গুণ-দোষ উপস্থিত হয়?

২৩। কল্পিতমূর্ত্তি পূজা করিলে সেই পূজা পূজ্য-বস্তুতে কি প্রকারে উপনীত হয় বা হইতে পারে?

২৪। অর্চ্চাবতার-সম্বন্ধে আপনার ধারণা বা সিদ্ধান্ত কি?

২৫। জীবের কেন ক্লেশ উপস্থিত হয়? ক্লেশমুক্তি বা সুখোদয় কি প্রকারে সম্ভব হইতে পারে?

২৬। সাধনের প্রক্রিয়া কিরূপ হইবে?

২৭। পারমার্থিকগণের ব্যবহারিক-জীবন পরমার্থের কিরূপ অনুকূলভাবে যাপন করিতে হইবে?

২৮। জাগতিক সকল ধর্ম্মমতের দ্বারাই সমাজ, জগৎ বা ব্যক্তিগত নিত্যমঙ্গল লাভ হয় কি না? আর সেই সকল মঙ্গলের পরিমাণ সমান কি না? কোন্ কোন্ ধর্ম্মমত মানুষের সৃষ্ট, আর কোন্ ধর্ম্মই বা ভগবৎসৃষ্ট?

২৯। সম্প্রদায় ও সাম্প্রদায়িকতা কাহাকে বলে? অসৎসাম্প্রদায়িকতা ও সৎসাম্প্রদায়িকতা—উভয়ই সমান কি না? যথেচ্ছাচারিতা 'উদারতা' কি না?

৩০। নামাশ্রয়-সম্বন্ধে আপনার অভিমত কি? "হরের্নামৈব কেবলম্" বাক্যে যে 'কেবলম্' শব্দের দ্বারা অন্য সাধনের প্রয়োজনাভাব

সম্পূর্ণভাবে নিষিদ্ধ হইয়াছে, তাহা স্বীকার বা অস্বীকার-করণ-বিষয়ে আপনার বিচার কি ?

৩১। অহঙ্কার ও দৈন্য—ইহাদের স্বরূপ কি ?

৩২। অনুসরণ ও অনুকরণের বিচার কি ? উহাদের কোন্‌টীর দ্বারা কি লাভ হয় ?

৩৩। প্রতিষ্ঠা বরণীয় কি না ? কোন্ প্রতিষ্ঠা সর্ব্বাপেক্ষা অধিক বরণীয় ? প্রতিষ্ঠায় কি সুবিধা ও অসুবিধা আছে ?

৩৪। বিলাস ও বিরাগের মধ্যে কোন্‌টী কি ভাবে গ্রহণীয় ?

৩৫। মানব-জীবনের সমস্যার সমাধান কিরূপে হওয়া উচিত ?

৩৬। বহুগণবাদ কি ধর্ম্ম-মতের শ্রেষ্ঠত্বের পরিমাপক ?

৩৭। সাধুসঙ্গের কোন আবশ্যকতা আছে কি না ? অন্যাভিলাষী, কর্ম্মী, জ্ঞানী, যোগী, ব্রতী, তপস্বী—সকলেই সাধু কি না ? ইঁহাদের সঙ্গ করিলে সাধুসঙ্গের চরম ফল লাভ হয় কি না ?

৩৮। স্বীয় চেষ্টা কিম্বা ভগবৎকৃপা, কোন্‌টী দ্বারা আমাদের প্রয়োজন লাভ হয় ?

৩৯। বর্ণাশ্রমধর্ম্ম ও পারমহংস্যধর্ম্ম-সম্বন্ধে আপনার ধারণা কি ?

৪০। পরমহংস কাহাকে বলে ? অভক্তি-মার্গের দ্বারা পারমহংস্যাবস্থা লাভ হয় কি না ?

৪১। বর্ণাশ্রমধর্ম্ম ও পারমহংস্য- কোন্‌টীতে হরিভজনের অধিক যোগ্যতা ?

৪২। বর্ণাশ্রম সাধ্য কি না ? পরমহংস বর্ণাশ্রমের অধীন কি না? সংসার ও সন্ন্যাসের দ্বন্দ্বের সুসমাধান কি ?

৪৩। সামাজিক আচার-ব্যবহার কিরূপ অনুশাসনের দ্বারা পরিচালিত হইলে জগতের সর্ব্বাপেক্ষা অধিক মঙ্গল সাধিত হইতে পারে ?

৪৪। শ্রাদ্ধ-বিধান-সম্বন্ধে আপনার অভিমত কি? চার্ব্বাক ব্রাহ্মণ ও জৈমিনী—উভয়ের মধ্যে শ্রাদ্ধ-বিধান লইয়া যে দ্বন্দ্ব উপস্থিত হইয়াছে, তাহার সুসমাধান কিরূপে হয়?

৪৫। কাহার শ্রাদ্ধ কে করিবেন? কোন্ উপকরণের দ্বারা করিবেন?

৪৬। অধিকার বিচার করা কর্ত্তব্য কি, না? অধিকার বিচারের চরম সাধ্য কি?

প্রয়োজনতত্ত্ব-বিষয়ক

১। প্রয়োজন বা পরমার্থ-সম্বন্ধে আপনার ধারণা কি? স্বর্গপ্রাপ্তি, বিভূতিলাভ, নির্ব্বাণ, মুক্তি, ও প্রেমা সকলই কি এক?

২। ধর্ম্ম, অর্থ, কাম বা ভগবদিতর বস্তুর ভোগ কিম্বা নির্ব্বেদ-ব্রহ্মানুসন্ধান জীবনের নিত্য প্রয়োজন কি না?

৩। মুক্তি-সম্বন্ধে আপনার ধারণা কি?

৪। ভগবৎপ্রেমার সহিত চতুর্ব্বর্গের বৈশিষ্ট্য আছে কি না?

৫। পশু-পক্ষীর কাম ও ভগবৎপ্রেমা কি এক বস্তু? পূর্ব্বোক্ত কাম কি ভগবৎ-প্রেমার জনক?

৬। ভগবৎপ্রেম ও ব্রহ্মানন্দ কি এক? ভগবৎপ্রেমা কি ব্রহ্মানন্দের নিম্নস্তর বা পূর্ব্বাবস্থা? এ-বিষয়ে যুক্তি ও শব্দ-প্রমাণ কি?

৭। ব্রহ্মানন্দের ভোক্তা ও ভোগ্যের অস্তিত্ব আছে কি না? ব্রহ্মানন্দের আনন্দ নিত্য না অনিত্য?

৮। অবস্থা ও যোগ্যতাভেদে প্রয়োজনের তারতম্য আছে কি না?

৯। অব্যক্তাসক্তচিত্তগণের আনন্দের পরিমাণ কতটুকু ?

১০। অব্যক্তাসক্তচিত্ত, ব্যক্তাসক্তচিত্ত এবং চিদ্‌বিলাসাসক্তচিত্ত—ইঁহাদের সাধনে কি কেবলমাত্র ক্লেশজনিত তারতম্য বর্ত্তমান ? অথবা প্রয়োজনমত তারতম্যও বর্ত্তমান ?

১১। পার্থিব ইন্দ্রিয়-পরিচালনা অথবা মনের যথেচ্ছাচারিতা দ্বারা নিত্য-পূর্ণ-জ্ঞান-সম্পন্ন ও নিরবচ্ছিন্ন আনন্দে অবস্থিত হইতে পারা যায় কি না ?

১২। চিদ্বিলাস স্বীকার্য্য কি না ? চিদ্বিলাস ও জড়বিলাসে পার্থক্য কি ? জড়বিলাসের হেয়তাদর্শনে চিদ্বিলাস-সেবায় বিমুখ হওয়া কর্ত্তব্য কি না ? প্রাকৃত জগতের সহিত অপ্রাকৃত বিলাস-বৈচিত্র্যের কি সম্বন্ধ ?

১৩। মানব-জীবনের প্রয়োজনীয়তা ও প্রয়োজন কি ?

১৪। ভগবৎপ্রেম প্রয়োজন হইলে বহুলোক সেই দিকে ধাবিত হয় না কেন ?

১৫। অদ্বৈতসিদ্ধি ও প্রেম কি এক বস্তু ?

১৬। মহাভাব কি দৈহিক ও মানসিক ব্যাধিবিশেষ ?

১৭। প্রেমের প্রকৃত লক্ষণ ও কৃত্রিমতা—উভয়ের ফলই কি এক ?

১৮। ভগবৎপ্রেমাকে প্রয়োজন স্বীকার না করিলেই বা ক্ষতি কি ?

১৯। পারকীয়-রস জুগুপ্সিত নহে কেন ?

২০। 'আত্মরতি', 'আত্মক্রীড়', 'ক্রীড়াবান্' শব্দে উপনিষদ্ কি লক্ষ্য করেন ?

২১। বিষয়-কামরস ভোগ করিতে করিতে কি কৃষ্ণপ্রেমরস-উদিত হইতে পারে না ?

২২। প্রাকৃত কামের আস্বাদন ব্যতীত ভগবৎপ্রেমার আস্বাদন হইতে পারে কি না ?

২৩। রসের মধ্যে কোন্ রস শ্রেষ্ঠ? চরম উপাস্য-তত্ত্ব কোন্ রসের বিষয় হইবেন?

২৪। অপমার্গে পরলোকে জীব কিরূপে অবস্থান করে?

২৫। রস ও রসাভাস এক কি না? রসাভাসের দ্বারা রস লাভ হয় কি না? রস ও রসাভাসকে এক না বলিলে সঙ্কীর্ণ-সাম্প্রদায়িকতা হয় কি না?

বাণীহট্ট—শ্রী গৌড়ীয় মঠ

সম্প্রদায়-বৈভব প্রথম প্রশ্ন—(৪৪৪ গৌরাব্দ)

১৪ই দামোদর, গৌরাব্দ ৪৪৪,

৪ঠা কার্ত্তিক ১৩৩৭ সাল

১। নিম্নলিখিত হরিজনগণের প্রকটকাল উল্লেখপূর্ব্বক সংক্ষেপে চরিত্র বর্ণন করুন— ২৫

(১) মঙ্গল বৈষ্ণব, (২) রামানন্দ রায়, (৩) বিষ্ণুপুরী, (৪) ঝড়ু ঠাকুর, (৫) চৈতন্যানন্দ, (৬) জগদানন্দ, (৭) অচ্যুতানন্দ, (৮) অনুপম, (৯) ঈশ্বরপুরী, (১০) উদ্ধারণ, (১১) উপেন্দ্রমিশ্র, (১২) কানু-ঠাকুর, (১৩) গদাধর পণ্ডিত, (১৪) গোবিন্দ দত্ত, (১৫) নরহরিদাস, (১৬) পরমানন্দপুরী, (১৭) বিল্বমঙ্গল, (১৮) বেঙ্কট ভট্ট, (১৯) (২০) মধ্বাচার্য্য, (২১) রঘুপতি উপাধ্যায়, (২২) বিষ্ণুস্বামী সর্ব্বজ্ঞ, (২৩) নিম্বার্ক, (২৪) কবীর, (২৫) হরিবংশ, (২৬) দহরার চরণদাস।

২। নিম্নলিখিত স্থানগুলি কোথায় ও কি-জন্য প্রসিদ্ধ? ২৫

(ক) অনন্তপদ্মনাভ, (খ) ললিতপুর, (গ) কান্যকুব্জ, (ঘ) আড়াশালা, (ঙ

কূর্ম্মক্ষেত্র, (ঝ) কুলিয়া, (ঞ) কুলীনগ্রাম, (ট) গুণ্ডিচা, (ঠ) ছত্র-ভোগ, (ড) দক্ষিণ মথুরা, (ঢ) দ্বাদশবন, (ণ) বেট্‌দ্বারকা গোপীতলাও, (ত) মায়াপুর, (থ) পাণ্ঢরপুর, (দ) বৈকুণ্ঠ, (ধ) রাজমহেন্দ্রী, (ন) যাজপুর, (প) শ্রীরঙ্গক্ষেত্র, (ফ) বেঙ্কটাচল, (ব) তুঙ্গভদ্রা, (ভ) কারণসমুদ্র, (ম) সত্যভামাপুর।

৩। নিম্নলিখিত শব্দগুলির অর্থ লিখুন,— ১২

(অ) একায়ন, (আ) সম্বন্ধাভিধেয়-প্রয়োজন, (ই) অচিন্ত্যভেদা-ভেদ, (ঈ) শ্রৌত ও তর্কপথ, (উ) অধিরোহবাদ, (ঊ) আধ্যক্ষিক, (ঋ) শ্রেয়ঃ ও প্রেয়ঃ পথ, (৯) স্বরূপসিদ্ধি ও বস্তুসিদ্ধি, (এ) তেস্কলই ও বড়্‌গলই, (ঐ) অর্থপঞ্চক, (ও) ব্রাহ্মণ, যোগী ও বৈষ্ণব, (ঔ) মঠ ও গৃহ।

৪। কেবলাদ্বৈতবাদের সহিত ভক্তির তুলনা-মূলে আলোচনা করুন। ১২

৫। হরিজনগণের কি কি প্রাপঞ্চিক প্রতিকূল বিষয় আছে এবং তাহা বিসর্জ্জন করিবার সাধন কি প্রকার? ১৩

৬। প্রয়োজন-নির্ণয়ে কত প্রকার চিন্তা হইতে পারে? প্রেমাকে তাহাদের মধ্যে সর্ব্বোত্তম বলা হয় কেন? প্রপঞ্চে "তৃণাদপি সুনীচ" ভাব, আধ্যক্ষিক উচ্চাকাঙ্ক্ষা ও দুরাকাঙ্ক্ষার মধ্যে কোন্‌টী শ্রেয়ঃ ও কি জন্য শ্রেয়ঃ? ১৩

সম্প্রদায়-বৈভব—দ্বিতীয় প্রশ্নপত্র

রচনা

(কাল—অগ্রহায়ণ মাসের শেষ দিন পর্য্যন্ত)

অসাম্প্রদায়িক ইতিবৃত্তের সহিত সৎসাম্প্রদায়িকের তুলনা-মূলক ধারাবাহিক গবেষণা। ১০০

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীধাম-মায়াপুর পরবিদ্যাপীঠ

ভক্তিশাস্ত্রী প্রবেশিকা পরীক্ষা (৪৪৫ গৌরাব্দ)

পূর্ণ সংখ্যা—১০০ কাল—১০ দণ্ড (৪ ঘণ্টা)

১। নিম্নলিখিত শব্দসমূহের অর্থ লিখুন,— ২০

(ক) উদীচ্য কর্ম্ম, (খ) প্রকৃতি, (গ) উপনিষৎ, (ঘ) অন্ধবিশ্বাস, (ঙ) মানবেদেবারোপবাদ, (চ) বর্ণাশ্রম, (ছ) চিদ্‌বিলাস, (জ) শুদ্ধাদ্বৈত-বাদ. (ঝ) সাধুসঙ্গ, (ঞ) আরোহবাদ।

২। গুরু কতপ্রকার ? তাঁহাদের অধিকার কি কি ? আনুষ্ঠানিক ক্রিয়া ও তৎসম্পাদনে কি ফলোদয় হয় ? ১৭

৩। যুক্তবৈরাগ্য ও ফল্গুবৈরাগ্য কাহাকে বলে ? দ্বাদশজন ভগবদ্‌ভক্তের উদাহরণ দ্বারা যুক্তবৈরাগ্যের বিষয় বর্ণন করুন। ১৬

৪। স্থান, নদী ও পাত্র নির্দ্দেশপূর্ব্বক মহাপ্রভুর ভ্রমণ বর্ণন করুন। ১৬

৫। নিম্নলিখিত ভক্তগণের বিষয় বর্ণন করুন,— ১৫

(ক) ঈশানদাস, (খ) পুণ্ডরীক বিদ্যানিধি, (গ) রসিকানন্দ, (ঘ) আনন্দতীর্থ, (ঙ) কূর্ম্মবিপ্র, (চ) অম্বরীষ, (ছ) অচ্যুতানন্দ, (জ) নয়নানন্দ,(ঝ) শঙ্করারণ্য, (ঞ) ঠাকুর হরিদাস।

৬। 'অর্চ্চন' কাহাকে বলে এবং কি প্রকারে সাধিত হয় ? অর্চ্চন-বিরোধী বিচারের প্রতিবাদ-পক্ষে কি কি বলিবার আছে ? ১৬

শ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীধাম-মায়াপুর পরবিদ্যাপীঠ

ভক্তিশাস্ত্রী 'প্রবেশিকা-পরীক্ষা (৪৪৬ গৌরাব্দ)

গৌরাব্দ ৪৪৬, গৌরজন্মবাসর

কাল—১০ দণ্ড (৪ ঘণ্টা)

প্রত্যেক প্রশ্নের সংখ্যা—১০

১। দশ-সংস্কার কি কি ? সংস্কার-কার্য্যে বিষ্ণু ব্যতীত অন্য দেবতার আবাহনে কি দোষ ?

২। বৈষ্ণব-হোমের অনুষ্ঠান কিরূপ ? বামদেবগান বৈষ্ণবস্মৃতি-মতে কিরূপ ?

৩। উপনয়ন-সংস্কারের আনুষ্ঠানিক কার্য্য সংক্ষেপে বর্ণন করুন।

৪। কৃতযুগে হংসবর্ণ এবং ত্রেতাযুগে বর্ণবিভাগ হইয়াছে, ইহার প্রমাণ কি ? বৃত্তানুসারে ব্রাহ্মণাদি বর্ণবিভাগ কখন হইয়াছে ?

৫। শ্রীমূর্ত্তিসেবা কত প্রকার ? শ্রীমূর্ত্তি-প্রতিমার প্রকারভেদ বর্ণন করুন।

৬। নিম্নলিখিত শব্দগুলির অর্থ লিখুন,—

(ক) বিকচিতচেতন, (খ) মুকুলিতচেতন, (গ) সঙ্কোচিতচেতন, (ঘ) আচ্ছাদিতচেতন, (ঙ) পূর্ণবিকচিতচেতন, (চ) নীতিহীন জীবন, (ছ) কেবল-নৈতিক জীবন, (জ) সেশ্বর নৈতিক জীবন, (ঝ) সাধক-ভক্ত-জীবন, (ঞ) ভাবভক্ত-জীবন।

৭। নিম্নলিখিত বিষয়সমূহের পার্থক্য কি ?

(ক) শ্রীবিগ্রহ-সেবা ও পৌত্তলিকতা, (খ) কাম ও প্রেম, (গ) যুক্তবৈরাগ্য ও ফল্গুবৈরাগ্য, (ঘ) মায়াবাদ ও ভক্তি, (ঙ) কর্ম্ম ও ভক্তি।

৮। নিম্নলিখিত পয়ার গুলির অর্থ করুন,—

(ক) পৃথিবীতে যত কথা ধর্ম্মনামে চলে।
ভাগবত কহে সব পরিপূর্ণ ছলে॥

(খ) বিচিত্রতাহীন হ'লে নির্ব্বিশেষ হয়।
কালসীমাতুল্য সেহ অপ্রাকৃত নয়॥

(গ) জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস।
কৃষ্ণের তটস্থা শক্তি ভেদাভেদ-প্রকাশ॥

(ঘ) দ্বৈতে ভদ্রাভদ্র-জ্ঞান—সব মনোধর্ম্ম।
এই ভাল, এই মন্দ এই সব ভ্রম॥

(ঙ) যে তে কুলে বৈষ্ণবের জন্ম কেনে নয়।
তথাপিহ সর্ব্বোত্তম সর্ব্বশাস্ত্রে কয়॥

৯। 'ভক্তিরত্নাকর' ও 'শ্রীচৈতন্যভাগবত' গ্রন্থদ্বয়ের বর্ণিত বিষয়ের সুসংক্ষিপ্ত তাৎপর্য্য লিখুন।

১০। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃতের অসামান্য মহিমা বর্ণন করুন।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীধাম-মায়াপুর-পরবিদ্যাপীঠ

সম্প্রদায় বৈভবাচার্য্য পরীক্ষা

(গৌরাব্দ ৪৪৬)

পূর্ণ সংখ্যা—১০০ কাল—৪ ঘণ্টা (১০ দণ্ড)

১। নিম্নলিখিত ভাগবতগণের চরিত বর্ণন করুন :— ১৫

(ক) শ্রীঠাকুর নরোত্তম, (খ) শ্রীমাধবেন্দ্রপুরী, (গ) একনাথ বা তুকারাম, (ঘ) অম্বরীষ, (ঙ) ভক্তাঙ্ঘ্রিরেণু (চ) বাদিরাজস্বামী, (ছ) কনকদাস, (জ) শঠকোপ, (ঝ) নারদ, (ঞ শ্রী গোস্বামী গৌরকিশোর।

২। নিম্নলিখিত স্থানগুলি কোথায় এবং কি জন্য প্রসিদ্ধ ? ২০

(ক) বেঙ্কটাচল, (খ) শ্রীবৈকুণ্ঠ, (গ) তিরুনারায়ণপুর, (ঘ) পাপনাশন, (ঙ) সম্ভল, (চ) শোরোক্ষেত্র, (ছ) বার্কালা, (জ) বিদ্যানগর, (ঝ) নৈমিষ, (ঞ) খেতরি, (ট) হরিনদী, (ঠ) যাওবট, (ড) কোলদ্বীপ বা কুলিয়া, (ঢ) বুধরি, (ণ) রুদ্রদ্বীপ, (ত) কানাই-নাটশালা, (থ) বিশ্রামতীর্থ, (দ) শ্রীরঙ্গক্ষেত্র, (ধ) পাণ্ডরপুর, (ন) গুণ্ডিচা বা পক্ষীতীর্থ।

৩। নিম্নলিখিত গ্রন্থকারগণের প্রণীত কি কি গ্রন্থ আছে ? ১৬

(ক) শ্রীপ্রবোধানন্দ সরস্বতী, (খ) শ্রীরূপগোস্বামী, (গ) শ্রীবলদেব বিদ্যাভূষণ, (ঘ) শ্রীমধ্বাচার্য্য, (ঙ) শ্রীরামানুজ আচার্য্য (চ) শ্রীনরহরি চক্রবর্ত্তী, (ছ) শ্রীভক্তিবিনোদ, (জ) শ্রীজয়তীর্থ।

৪। বৈষ্ণবস্মৃতি ও অবৈষ্ণব-স্মৃতির মধ্যে নিম্নলিখিত বিষয়-সমূহে কি কি পার্থক্য আছে ? ২০

(ক) উপাস্যতত্ত্ব, (খ) পূজাধিকার, (গ) বর্ণাশ্রম-বিচার, (ঘ) হরিবাসর, (ঙ) উপাসক-যোগ্যতা, (চ) নামগ্রহণ, (ছ) পুণ্ড্র-ধারণ (জ) বৈষ্ণব-মহিমাজ্ঞান, (ঝ) ভোজ্যবিচার, (ঞ) শ্রাদ্ধবিধি।

৫। নিম্নলিখিত শব্দগুলির অর্থ লিখুন:— ২০

(ক) ভক্তিভেদ, (খ) অর্চ্চনাধিকার, (গ) ব্রজপ্রেম, (ঘ) স্বয়ংরূপ (ঙ) ভাবসিদ্ধি, (চ) বিলাস, (ছ) কিলকিঞ্চি, (জ) পূর্ব্বানুরাগ (ঝ) তারুণ্যামৃত, (ঞ) কেবলা, (ট) কুট্টমিত, (ঠ) বাটপাড়, (ড) সখীভেকী (ঢ) কৈতব, (ণ) জয়ন্তী, (ত) বাহ্যদশা, (থ) সগর্ভযোগী, (দ) চতুঃসম্প্রদায়, (ধ) ঊর্দ্ধপুণ্ড্র, (ন) নবদ্বীপ।

৬। সাময়িক পত্র, পাঠকীর্ত্তন ও ভাষণাদির প্রয়োজনীয়তা কি? গৌড়ীয়বৈষ্ণবের বৈশিষ্ট্য কোথায়? বৈষ্ণবমহিমা বর্ণন করুন। ৯

'সম্প্রদায়-বৈভবাচার্য্য' উপাধি-পরীক্ষার নিয়মাবলী

উদ্দেশ্য—অপরা বিদ্যার আবরণ মুক্ত করিয়া পরবিদ্যা-বিষয়ের আলোচনার প্রসার-বৃদ্ধি ও প্রকৃত পারঙ্গত ভক্তি-শাস্ত্রের অধ্যাপকগণের নির্দ্দেশ।

স্থান ও কাল—শ্রীগৌরজন্মোৎসব-কালে শ্রীগৌরজন্মস্থলী শ্রীধাম মায়াপুরে এবং শ্রীগৌড়ীয় মঠোৎসব-কালে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে।

অধিকার—জাতিবয়ো-বর্ণ-অধিকার ও ভাষাভিজ্ঞতা-নির্ব্বিশেষে শ্রীচৈতন্যদাসাভিমানী অধীতবিদ্য সকলেই অধিকারী। শ্রীচৈতন্যদাসা-

ভিমানের অকৃত্রিমতা বিষয়ে শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্ততঃ তিন জন অন্তরঙ্গ সভ্যের অনুমোদন-পত্র-সহ শ্রীগৌড়ীয়-মঠ-রক্ষকের নিকট পরীক্ষার একমাস কাল পূর্ব্বে আবেদন করিতে হইবে।

প্রণালী—নির্দ্দিষ্ট গ্রন্থ-সমূহ হইতে দুইখানি প্রশ্নপত্র প্রদত্ত হইবে। প্রথম প্রশ্নপত্রের উত্তর নির্দ্দিষ্টকাল-মধ্যে অন্যের কোন প্রকার সাহায্য ব্যতীত পরীক্ষা-মন্দিরে বসিয়া লিখিয়া দিতে হইবে। লিখিত উত্তরের ভাষা বিশেষরূপে নির্দ্দিষ্ট না থাকিলে পরীক্ষার্থী যে কোন প্রচলিত ভাষায় উত্তর প্রদান করিতে পারিবেন। মুখ্য গ্রন্থগুলির বিশেষ করিয়া আলোচনা এবং গৌণ গ্রন্থগুলির সাধারণভাবে আলোচনা থাকা আবশ্যক। দ্বিতীয় প্রশ্নপত্রের উত্তর প্রত্যেক বিষয়ে গ্রন্থাদির সাহায্য গ্রহণ করিয়া নির্দ্দিষ্ট তারিখের মধ্যে লিখিয়া পাঠাইতে হইবে।

ফল—প্রশ্নের উত্তরগুলি বিচারকগণ পাঠ করিয়া সংখ্যার দ্বারা পরীক্ষার্থীর তত্ত্ববিষয়ক জ্ঞানের তারতম্য নির্দ্দেশ করিবেন। উত্তর-পত্রগুলি পরীক্ষার্থীকে ফেরত দেওয়া হইবে না। পাদোনসংখ্যার নিম্ন না হইলে 'উত্তম', অর্দ্ধ সংখ্যার নিম্ন না হইলে 'মধ্যম' এবং পাদসংখ্যার নিম্ন না হইলে 'সাধারণ' নির্দ্দেশে পরীক্ষার্থিগণের যোগ্যতা নিরূপিত হইবে। পাদ-সংখ্যার নিম্ন হইলে যোগ্যতাভাব জ্ঞান করিতে হইবে।

ফল-প্রকাশ—পরীক্ষা-গ্রহণের তিন মাসের মধ্যে সাময়িক পত্রে পরীক্ষার্থীর 'উত্তম', 'মধ্যম' ও 'সাধারণ' নির্দ্দেশে যোগ্যতা প্রচারিত হইবে। অযোগ্য হইলে তাঁহার নাম প্রকাশিত হইবে না। যোগ্য ব্যক্তির নাম সাপ্তাহিক "গৌড়ীয়", "দৈনিক-নদীয়াপ্রকাশ", মাসিক "সজ্জন-তোষণী" (Harmonist), পাক্ষিক হিন্দি 'ভাগবত' উড়িয়া "পরমার্থী" আসামী "কীর্ত্তন" প্রভৃতি পারমার্থিক পত্রে প্রকাশিত হইবে।

ফল-লাভ—যোগ্য পরীক্ষার্থিগণকে "সম্প্রদায়-বৈভবাচার্য্য" উপাধি প্রদত্ত হইবে। প্রাপ্তোপাধি আচার্য্যগণ যথাযোগ্য কবচ, প্রশংসা-পত্র বা বৃত্ত্যাদি প্রাপ্ত হইতে পারিবেন।

সার্ব্বভৌমোপাধি—নয়টী বিষয়ের আচার্য্যগণ দশম বিষয়ে পরীক্ষিত হইয়া তত্তদ্বিষয়ে 'আচার্য্য' উপাধি লাভ করিলে সর্ব্বশাস্ত্রে অধিকার হওয়ায় তিনি সর্ব্বশাস্ত্রাচার্য্য 'সার্ব্বভৌম' উপাধি এবং সর্ব্ব-শাস্ত্রাধ্যাপক সার্ব্বভৌমের আসন লাভ করিবেন।

বিশেষ জানিতে হইলে নিম্নলিখিত ঠিকানায় পত্র লিখুন ;—

আচার্য্যত্রিক—**শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ**
শ্রীচৈতন্য মঠ, পোঃ, শ্রীধাম-মায়াপুর, নদীয়া।

"ভক্তিশাস্ত্রী" প্রবেশিকা-পরীক্ষার পাঠ্য গ্রন্থাবলী—

গ্রন্থ	বিষয়
১। শ্রীচৈতন্যচরিতামৃত (অমৃত-প্রবাহ ভাষ্য ও অনুভাষ্য-সমেত) ২। শ্রীচৈতন্যভাগবত (গৌড়ীয়-ভাষ্য সমেত)	শ্রীচৈতন্যের চরিত
৩। ভক্তিরত্নাকর	ঐতিহ্য
৪। জৈবধর্ম্ম ৫। শ্রীচৈতন্যশিক্ষামৃত	তত্ত্ব-প্রবেশ
৬। সংক্রিয়াসারদীপিকা	স্মৃতিভাষ্য সহ
৭। গৌড়ীয়-কণ্ঠহার	
৮। সাধন-পথ (শিক্ষাষ্টক ও উপদেশামৃত)	

সম্প্রদায়-বৈভবাচার্য্য-পরীক্ষার পাঠ্য গ্রন্থাবলী—

(মুখ্য) ১। শ্রীচৈতন্যচরিতামৃত ('অমৃত-প্রবাহ' ও 'অনুভাষ্য-সহ)

২। শ্রীচৈতন্যভাগবত ('গৌড়ীয়-ভাষ্য-সহ)

৩। শ্রীভক্তিরত্নাকর

৪। শ্রীহরিভক্তিবিলাস

৫। শ্রীভক্তিরসামৃতসিন্ধু

৬। শ্রীলঘুভাগবতামৃত

৭। শ্রীভক্তিসন্দর্ভ

৮। শ্রীব্রহ্মসংহিতা—(ঠাকুর ভক্তিবিনোদের ভাষ্য ও বিবৃতি-সহ)

৯। শ্রীমন্মহাপ্রভুর-শিক্ষা (ঠাকুর ভক্তিবিনোদ)

১০। 'শ্রীসজ্জনতোষণী' 'গৌড়ীয়' ও 'নদীয়া-প্রকাশ' (চতুঃসম্প্রদায়ের ইতিবৃত্ত ও সাম্প্রদায়িক-তথ্য বিবরণাংশ)

(গৌণ) ১। প্রপন্নামৃত (অনন্তাচার্য্য-কৃত), ২। মধ্ববিজয় - (ত্রিবিক্রমাচার্য্য-রচিত, ৩। হিন্দি ভক্তমাল—(নাভাদাস-রচিত), ৪। বৈষ্ণব-মঞ্জুষা-সমাহৃতি, ৫। গৌড়ীয়-কণ্ঠহার, ৬। ব্রাহ্মণ-বৈষ্ণবের তারতম্য-বিষয়ক সিদ্ধান্ত, ৭। আচার ও আচার্য্য, ৮। গৌড়-মণ্ডল-পরিক্রমা-দর্পণ, ৯। চিত্রে-নবদ্বীপ, ১০। শ্রীলপ্রভুপাদের বক্তৃতাবলী, ১১। শ্রীলপ্রভুপাদের পত্রাবলী, ১২। গৌড়ীয়-সাহিত্য, ১৩। Vaishanvism Saivism, and minor religions by Sir R. G. Bhandarkar.

আচার্য্যগণের তালিকা

সম্প্রদায়-বৈভবাচার্য্য ৪২৫ গৌরাব্দ

সাধারণ বিভাগ

শ্রীযুক্ত হরিচরণ দাস। পলাশী, মেদিনীপুর।

সম্প্রদায়-বৈভবাচার্য্য ৪২৬ গৌরাব্দ

সাধারণ বিভাগ

শ্রীযুক্ত ত্রৈলোক্যনাথ রায়। সাউরী, মেদিনীপুর।

ভক্তি-শাস্ত্রাচার্য্য ৪২৬ গৌরাব্দ

সাধারণ বিভাগ

শ্রীযুক্ত ত্রৈলোক্যনাথ রায়। সাউরী মেদিনীপুর।

সম্প্রদায়-বৈভবাচার্য্য ৪২৯ চৈতন্যাব্দ

মধ্যম বিভাগ

১। শ্রীযুক্ত পরমানন্দ ব্রহ্মচারী—বিনোদনগর, যশোহর।

২। শ্রীযুক্ত বিষ্ণুদাস কর অধিকারী—টুটপাড়া, খুল্না।

সাধারণ বিভাগ

১। শ্রীযুক্ত নরেন্দ্র নাথ ভট্টাচার্য্য—কালিঘাট, কলিকাতা।

২। শ্রীযুক্ত মধুসূদন দাসাধিকারী—বানরীপাড়া, বরিশাল।

ভক্তিশাস্ত্রাচার্য ৪৩১ চৈতন্যাব্দ

সাধারণ বিভাগ

শ্রীযুক্ত গৌরগোবিন্দ-দাস অধিকারী সম্প্রদায়-বৈভবাচার্য্য-

সাং বামনপাড়া, মাজু ডাকঘর, জেলা হাবড়া।

সম্প্রদায়-বৈভবাচার্য্য

সাধারণ বিভাগ

শ্রীযুক্ত কুঞ্জবিহারী দাস অধিকারী

সাং পুরুলিয়া, চাঁচুড়ি পুরুলিয়া ডাকঘর, জেলা যশোহর।

শ্রীচৈতন্যাব্দ—৪৩২

ভক্তিশাস্ত্রী প্রবেশিকা-পরীক্ষা

মধ্যম বিভাগ

১। শ্রীগৌরগোবিন্দ বিদ্যাভূষণ

বাগনপাড়া, মাজু, হাবড়া।

২। শ্রীজগদীশ ভক্তিপ্রদীপ বিদ্যাবিনোদ

১নং উল্টাডিঙ্গি জংসন রোড্, কলিকাতা।

৩। শ্রীনয়নাভিরাম দাসাধিকারী

নারায়ণপুর, পাঁজিয়া পোঃ, যশোহর।

৪। শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ

চাঁচুড়ি পুরুলিয়া (যশোহর)।

সাধারণ বিভাগ

৫। শ্রীহরিপ্রদ বিদ্যারত্ন

১নং উল্টাডিঙ্গি জংসন রোড্, কলিকাতা।

সম্প্রদায়-বৈভব—উপাধি 'আচার্য্য'

মধ্যম বিভাগ

১। শ্রীজগদীশ বিদ্যাবিনোদ ভক্তিপ্রদীপ, কলিকাতা।

ভক্তি-শাস্ত্র—উপাধি-'আচার্য্য'

উত্তম বিভাগ

১। শ্রীজগদীশ বিদ্যাবিনোদ ভক্তিপ্রদীপ।

২। শ্রীনয়নাভিরাম দাসাধিকারী।

৩। শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ।

শ্রীচৈতন্যাব্দ—৪৩২

পঞ্চরাত্র—উপাধি 'আচার্য্য'

উত্তম বিভাগ

১। শ্রীনয়নাভিরাম দাসাধিকারী।

মধ্যম বিভাগ

২। শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ।

৩। শ্রীগৌরগোবিন্দ বিদ্যাভূষণ।

সার্ব্বভৌম-উপাধি পরীক্ষার ফল

গৌরাব্দ—৪৩২

সম্প্রদায়-বৈভবাচার্য্য

মধ্যম বিভাগ

শ্রীযুক্ত নয়নাভিরাম দাস অধিকারী। গ্রাম নারায়ণপুর, জেলা যশোহর, পোঃ পাঁজিয়া।

পঞ্চরাত্রাচার্য্য

সাধারণ বিভাগ

শ্রীযুক্ত আচার্য্য দাস অধিকারী। জেলা যশোহর, পোঃ গাছা, গ্রাম মাধবপুর।

শ্রীধাম-মায়াপুর পরবিদ্যাপীঠ

'ভক্তিশাস্ত্রী'-প্রবেশিকা-পরীক্ষার ফল

গৌরাব্দ ৪৪৪

বিগত গৌরাব্দ ৪৪৪ ফাল্গুনপূর্ণিমা দিবসে শ্রীধাম-মায়াপুরস্থ পরবিদ্যা-পীঠে যে ভক্তিশাস্ত্রী পরীক্ষা গৃহীত হইয়াছিল, তাহাতে নিম্নলিখিত পরীক্ষার্থিগণ উত্তীর্ণ হইয়াছেন। তাঁহাদের নাম যোগ্যতানুসারে উত্তম, মধ্যম ও সাধারণ-বিভাগ-ক্রমে নিম্নে প্রদত্ত হইল ;—

উত্তম বিভাগ

১। অধ্যাপক শ্রীপাদ যদুবরদাস অধিকারী এম্, এ ; বি, এল, ময়মনসিংহ।

মধ্যম বিভাগ

১। শ্রীপাদ নিমানন্দদাস অধিকারী বি, এজি ; বি, টি, ধুবড়ি।
২। " নবীনকৃষ্ণদাস অধিকারী বিদ্যালঙ্কার, শ্রীহট্ট
৩। " বঙ্কিমচন্দ্র দাস অধিকারী, মেদিনীপুর
৪। " নন্দলালদাস অধিকারী বিদ্যাসাগর কাব্যতীর্থ ; বি, এ মেদিনীপুর
৫। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ
৬। শ্রীপাদ রামেন্দ্রসুন্দর ভট্টাচার্য্য বিদ্যার্ণব বি, এ
৭। " অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী
৮। " রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন, কুচবিহার
৯। " সুদর্শন সনাতন দাস অধিকারী, কটক

১০। অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস অধিকারী ভক্তিসুধাকর এম্, এ, কটক

১১। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ।

সাধারণ বিভাগ

১। শ্রীপাদ উদ্ধব দাস অধিকারী, ময়মনসিংহ
২। শ্রীযুক্তা প্রিয়তমা বসু, জামালপুর বালিকা-বিদ্যালয়
৩। শ্রীপাদ মনোভিরাম দাস অধিকারী, ময়মনসিংহ
৪। " গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ
৫। " যশোদানন্দন দাস-অধিকারী, কলিকাতা
৬। " সিদ্ধস্বরূপ ব্রহ্মচারী
৭। " বিলাস-বিগ্রহ-দাস অধিকারী, কটক
৮। " বৈষ্ণবানন্দ ব্রজবাসী
৯। " ভুবনেশ্বর ব্রহ্মচারী
১০। শ্রীযুক্তা প্রফুল্লকুমারী দেবী, ভাগলপুর
১১। শ্রীপাদ নৃসিংহানন্দ ব্রহ্মচারী
১২। " কৃষ্ণানন্দ ব্রহ্মচারী
১৩। " চক্রপাণিদাস অধিকারী, ত্রিপুরা
১৪। অনঙ্গমোহনদাস অধিকারী, বর্দ্ধমান

সম্প্রদায়বৈভব-পরীক্ষার ফল

গত ৪ঠা কার্ত্তিক (১৩৩৭) তারিখে কলিকাতা শ্রীগৌড়ীয় মঠে যে সম্প্রদায়বৈভব-পরীক্ষা গৃহীত হইয়াছিল, তাহাতে নিম্নলিখিত পরীক্ষার্থিগণ উত্তীর্ণ হইয়াছেন,—

মধ্যম বিভাগ

১। শ্রীপাদ বঙ্কিম বিহারী দাস অধিকারী ভক্তিশাস্ত্রী।
২। শ্রীপাদ নবীনকৃষ্ণদাস অধিকারী বিদ্যালঙ্কার ভক্তিশাস্ত্রী।
৩। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ।
৪। শ্রীপাদ রাধাচরণদাস অধিকারী (গোস্বামী) ভক্তিশাস্ত্রী।

শ্রীগৌড়ীয়মঠে গৃহীত

'ভক্তিশাস্ত্রী' প্রবেশিকা-পরীক্ষার ফল

বিগত ১৩৩৭ সালের ২০শে আশ্বিন তারিখে বাগ্‌বাজার শ্রীগৌড়ীয় মঠে যে 'ভক্তিশাস্ত্রী' পরীক্ষা হইয়াছিল, তাহাতে নিম্নলিখিত পরিক্ষার্থিগণ উত্তীর্ণ হইয়াছেন। তাঁহাদের নাম যোগ্যতানুসারে প্রথম, মধ্যম ও সাধারণ বিভাগক্রমে নিম্নে প্রদত্ত হইল :—

প্রথম বিভাগ

১। ত্রিদণ্ডিস্বামী শ্রীযুক্ত ভক্তিহৃদয় বন মহারাজ।
২। শ্রীযুক্ত কিশোরীমোহন ভক্তিবান্ধব বি-এল।
৩। ,, সচ্চিদানন্দ দাসাধিকারী বি-এ।

মধ্যম বিভাগ

১। শ্রীযুক্ত হয়গ্রীব ব্রহ্মচারী।
২। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ।
৩। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিস্বরূপ পর্ব্বত মহারাজ।
৪। শ্রীযুক্ত ধীরকৃষ্ণ ব্রহ্মচারী।
৫। ,, প্রাণকৃষ্ণ দাসাধিকারী।

৬। শ্রীযুক্ত সুরেশচন্দ্র সিংহ বি-এল।
৭। ,, নিয়মানন্দ দাসাধিকারী।
৮। ,, অতুলানন্দ ব্রহ্মচারী।
৯। ,, অনুপম দাসাধিকারী।
১০। ,, শার্ঙ্গমুরারী দাসাধিকারী।
১১। ,, সর্ব্বেশ্বর ব্রহ্মচারী।
১২। ,, বীরচন্দ্র ব্রহ্মচারী।
১৩। ,, আচার্য্যদাস পঞ্চরাত্রাচার্য্য।

সাধারণ বিভাগ

১। শ্রীযুক্ত ব্রহ্মদাস গোস্বামী।
২। ,, হরিপদ বন্দ্যোপাধ্যায়।
৩। ,, পরেশানুভব ব্রহ্মচারী।
৪। ,, কৃষ্ণকিশোর দাসাধিকারী।
৫। ,, কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম এল-এম-এফ।
৬। ,, যজ্ঞেশ্বর দাসাধিকারী।
৭। ,, ফেনপানন্দ ব্রহ্মচারী।
৮। ,, প্রেমপ্রয়োজন দাসাধিকারী।
৯। ,, ঊর্দ্ধমন্থী দাসাধিকারী।
১০। ,, যশোদাকুমার দাসাধিকারী।
১১। ,, নিত্যগোপাল মুখোপাধ্যায়।
১২। ,, রাধাগোবিন্দ দাসাধিকারী বি, এ।
১৩। ,, সূর্য্যনারায়ণ পণ্ডা।
১৪। ,, মহানন্দ ব্রহ্মচারী।

সম্প্রদায়-বৈভব পরীক্ষার ফল

(২০শে ফাল্গুন ১৩৩৭ সন)

গৌরাব্দ—৪৪৪

মধ্যম বিভাগ

১। শ্রীযদুবর দাস ভক্তিশাস্ত্রী, এম, এ, বি, এল।

২। শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, এম, এ।

শ্রীশ্রীনবদ্বীপধাম প্রচারিণী সভার

ভক্তিসূচক নামের তালিকা

শ্রীযুক্ত রামেশ্বর ভক্তিভূষণ	চৈতন্যাব্দ	৪০১
,, রামসেবক ভক্তিভূষণ	,,	৪০৮
,, রাধারমণ ভক্তিভূষণ	,,	৪১০
,, সুরেন্দ্রনারায়ণ ভক্তিভূষণ	,,	৪১৫
,, সীতানাথ ভক্তিতীর্থ	,,	৪১৫
,, নিত্যসখা আচার্য্যরত্ন	,,	৪১৬
,, বৈকুণ্ঠনাথ ভক্তিতত্ত্ববাচস্পতি	,,	৪১৭
,, মণিমাধব ভক্তসুহৃৎ	,,	৪১৭
,, কেশবচন্দ্র ভক্তিরত্ন	,,	৪১৭
,, পরেশনাথ ভক্তানন্দ	,,	৪১৮
,, রামপ্রসন্ন ভক্তিবিশারদ	,,	৪২০
,, কালিহর ভক্তিসাগর	,,	৪২০

”	কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম	”	৪৪৪
”	অতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বেদান্তবাচস্পতি	”	৪৪৪
”	শরদিন্দু নারায়ণ রায় এম, এ, প্রাজ্ঞ বেদান্তভূষণ	”	৪৪৫
”	বিরাজ মোহন দে ভক্তিভূষণ	”	৪৪৫
”	জিতেন্দ্র নাথ মুখোপাধ্যায় ভক্ত্যাশ্রম	”	৪৪৫
”	মনীন্দ্রচন্দ্র আচার্য্য কলাকোবিদ	”	৪৪৫
”	পি, এম, শঙ্কর নারায়ণ আয়ার অবর্গল বি, এ, বি, এল গৌরাঙ্ঘ্রিরেণু	”	৪৪৫
”	নরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ	”	৪৪৬
”	বিনোদবিহারী ব্রহ্মচারী কৃতিরত্ন	”	৪৪৬
”	মহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক	”	৪৪৬
”	রাসবিহারী ব্রহ্মচারী ভক্তিজ্যোতিঃ	”	৪৪৬
”	ভুবনেশ্বর ব্রহ্মচারী ভক্তিবিবেক	”	৪৪৬
”	জগদুদ্ধারণ দাসাধিকারী ভক্তিবান্ধব	”	৪৪৬
”	নিত্যানন্দ ব্রজবাসী সেবাকোদণ্ড	”	৪৪৬
”	জগদানন্দ ব্রজবাসী ভক্তিবিকাশ	”	৪৪৬
”	ভগবান্ দাস ব্রজবাসী ভক্তিব্রত	”	৪৪৬
”	যোগেন্দ্র নাথ মুখোপাধ্যায় ভক্তিরত্ন	”	৪৪৬
”	যজ্ঞেশ্বর দাসাধিকারী ভক্তিযজ্ঞ	”	৪৪৬
”	ঊর্দ্ধমন্থিদাসাধিকারী ভক্তিবিশারদ	”	৪৪৬
”	পুলিনবিহারী দাসাধিকারী ভক্তিভূষণ	”	৪৪৬
”	কৃষ্ণপ্রসাদ দাসাধিকারী ভক্তিভূষণ	”	৪৪৬
”	কৃষ্ণসুন্দর দাসাধিকারী ভক্তিভূষণ	”	৪৪৬
”	গণেশচন্দ্র দেব ভক্তিভূষণ	”	৪৪৬

”	রাসবিহারী দাসাধিকারী ভক্তিভূষণ	”	৪৪৬
”	শ্রীনিবাস পাণিগ্রাহী ভক্তিকেতন	”	৪৪৬
”	কানাই লাল মিত্র ভক্তিমহিম	”	৪৪৬
”	পনিরুল পিল্লাই ধর্ম্মপ্রাণ	”	৪৪৬
	জয় পুরাধিপতি শ্রীমদ্ বিক্রম দেব বর্ম্ম বাহাদুর হরিজনাশ্রয়	”	৪৪৬

শ্রীচৈতন্য মঠ ও তদাশ্রিত মঠ-সমূহের

গান্ধর্ব্বিকা-গিরিধারী শ্রীবিগ্রহের নাম

	মঠের নাম	বিগ্রহের নাম
১।	শ্রীচৈতন্য মঠ	শ্রীবিনোদপ্রাণ
২।	শ্রীগৌড়ীয় মঠ	শ্রীবিনোদানন্দ
৩।	শ্রীপুরুষোত্তম মঠ	শ্রীবিনোদমাধব
৪।	কটক শ্রীসচ্চিদানন্দ মঠ	শ্রীবিনোদরমণ
৫।	কুরুক্ষেত্র শ্রীব্যাস গৌড়ীয় মঠ	শ্রীবিনোদরাম
৬।	নৈমিষারণ্য শ্রীপরমহংস মঠ	শ্রীবিনোদবিলাস
৭।	ঢাকা শ্রীমাধ্ব-গৌড়ীয় মঠ	শ্রীবিনোদকান্ত
৮।	চিরুলিয়া বাসুদেবপুর শ্রীভাগবতজনানন্দ মঠ	শ্রীবিনোদনাথ
৯।	আমলাজোরা প্রপন্নাশ্রম	শ্রীবিনোদকিশোর

শ্রীগৌরপাদপীঠ

স্থান	পাদ-পীঠ স্থাপনের তারিখ
মন্দার	২৭ আশ্বিন ১৩৩৬ সন, ১৩ই অক্টোবর ১৯২৯ খৃষ্টাব্দ।
কানাইনাটশালা	২৯শে আশ্বিন ১৩৩৬ সন, ১৫ই অক্টোবর ১৯২৯ খৃষ্টাব্দ।
যাজপুর	৯ই পৌষ ১৩৩৭ সন, ২৫শে ডিসেম্বর ১৯৩০ খৃষ্টাব্দ।
কূর্ম্মক্ষেত্র	১০ই পৌষ ১৩৩৭ সন, ২৬শে ডিসেম্বর ১৯৩০ খৃষ্টাব্দ।
সিংহাচল	১১ই পৌষ ১৩৩৭ সন, ২৭শে ডিসেম্বর ১৯৩০ খৃষ্টাব্দ।
কব্বুর	১৩ই পৌষ ১৩৩৭ সন, ২৯শে ডিসেম্বর ১৯৩০ খৃষ্টাদ।
মঙ্গলগিরি	১৫ই পৌষ ১৩৩৭ সন, ৩১শে ডিসেম্বর ১৯৩০ খৃষ্টাব্দ।

শ্রীশ্রীনবদ্বীপধামের পরিচয়

নয়টী দ্বীপ লইয়া 'নবদ্বীপ' গঠিত। এই নবদ্বীপের মধ্যে অনেক ক্ষুদ্র ক্ষুদ্র উপগ্রাম বা পল্লী অবস্থিত ছিল। নয়টী দ্বীপের চারিটী দ্বীপ ভাগীরথীর পূর্ব্বপারে এবং পাঁচটী পশ্চিমপারে অবস্থিত। পূর্ব্ব-পারের ৪টী দ্বীপের নাম—(১) অন্তর্দ্বীপ, (২) সীমন্তদ্বীপ, (৩) গোদ্রুমদ্বীপ ও (৪) মধ্যদ্বীপ এবং পশ্চিমপারের ৫টী দ্বীপের নাম—(১)

কোলদ্বীপ, (২) ঋতুদ্বীপ, (৩) জহ্নুদ্বীপ, (৪) মোদদ্রুমদ্বীপ এবং (৫) রুদ্রদ্বীপ। যথা ভক্তিরত্নাকর ১২শ তরঙ্গে—

"গঙ্গার পূর্ব্ব-পশ্চিম-তীরেতে দ্বীপ নয়"
পূর্ব্বে অন্তর্দ্বীপ, শ্রীসীমন্তদ্বীপ হয়।
গোদ্রুমদ্বীপ, শ্রীমধ্যদ্বীপ চতুষ্টয়॥
কোলদ্বীপ, ঋতু, জহ্নু, মোদদ্রুম আর।
রুদ্রদ্বীপ—এই পঞ্চ পশ্চিমে প্রচার॥

ভক্তিরত্নাকর পাঠে আরও জানা যায়, নবদ্বীপের মধ্যে এত গ্রাম ছিল যে, শ্রীমায়াপুর যাইতে শ্রীল নরোত্তম ঠাকুরকে লোকের নিকট জিজ্ঞাসা করিয়া শ্রীমায়াপুরে পৌঁছিতে হইয়াছিল। সাধারণতঃ 'নবদ্বীপ' নামই সর্ব্বসাধারণে প্রচলিত ও প্রসিদ্ধ ছিল। যথা শ্রীভক্তিরত্নাকরে ৮ম তরঙ্গে—

নবদ্বীপ মধ্যে গ্রাম-নাম বহু হয়।
লোকে জিজ্ঞাসিয়া মায়াপুরে প্রবেশয়॥

এই নবদ্বীপ শ্রীমদ্ভাগবতোক্ত নবধা ভক্তির পীঠস্বরূপ :—

মূল গঙ্গার পূর্ব্বপারে :—১। **অন্তর্দ্বীপ (ক) শ্রীমায়াপুর যোগপাঠ**—আত্মনিবেদন ক্ষেত্র। এই স্থানে শ্রীজগন্নাথ মিশ্রের ভবন শ্রীগৌরজন্মভিটা।

শ্রীনিবাসাচার্য্যপ্রভুর পরিক্রমাকালে নবদ্বীপের অনেক গ্রামই লুপ্ত এবং গ্রামের নাম লুপ্ত ও নানাভাবে বিকৃত হইয়া পড়িয়াছিল। সুতরাং শ্রীমায়াপুর-গ্রামের নাম যে অশিক্ষিত ব্যক্তিগণের দ্বারা বিকৃত এবং সাধারণের অজ্ঞাত হইয়া পড়িবে, ইহা কিছু আশ্চর্য্যের বিষয় নহে। ভক্তিরত্নাকরও (১২শ তরঙ্গে) এই কথাই বলিতেছেন,—

অথবা শ্রীনবদ্বীপে নব দ্বীপ নাম।
পৃথক্ পৃথক্, কিন্তু হয় এক গ্রাম॥
সত্য, ত্রেতা, দ্বাপর, কলির প্রারম্ভেতে।
নহিল যে নামের ব্যত্যয় কোনমতে॥
যৈছে কলি বৃদ্ধ, তৈছে নামের ব্যত্যয়।
তথাপি সে সব নাম অনুভব হয়॥
কথোকাল পরে কথোগ্রাম লুপ্ত হৈল।
কথোগ্রাম-নাম লোকে অন্তব্যস্ত কৈল॥

প্রয়াগরাজ 'ইল্লাহাবাজ' বা পরবর্ত্তিকালে 'এলাহাবাদ' কিম্বা 'পেরাগ', মথুরা 'মাট্রা', অযোধ্যা 'আউধ', বৃন্দাবন 'বিন্দ্রাবন', লক্ষণাবতী 'লক্ষ্ণৌ', দেহলী 'দিল্লী' প্রভৃতি নামে বিকৃতি এবং নদীয়া জেলার পাঁচু 'পেঁচো', কাঁথা 'কেঁথা', ডাঙ্গা 'ডেঙ্গা', মাঠের 'মেঠো', মাছুনী 'মেছোনী', টাকা 'টেকা', প্রভৃতি অসংখ্য শব্দের অসংখ্য বিকৃতি বা রূপান্তর হইলেও যেরূপ প্রকৃত শব্দ সুধীগণের অনুভবের বিষয়ই হইয়া থাকে, সেইরূপ অশিক্ষিতগণের দ্বারা সংস্কৃত 'মায়াপুর' শব্দ অসংস্কৃত 'মেয়াপুর' শব্দে কোথাও কোথাও রূপান্তরিত হইলেও শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের ভাষায় বলা যায়,—

যৈছে কলি বৃদ্ধ, তৈছে নামের ব্যত্যয়।
তথাপি সে সব নাম অনুভব হয়॥

ঊর্দ্ধাম্নায় মহাতন্ত্র, কাপিলতন্ত্র, ব্রহ্মযামল, ভবিষ্য-ব্রহ্মখণ্ড, শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের নবদ্বীপশতক এবং শ্রীভক্তিরত্নাকর-গ্রন্থধৃত প্রাচীনবাক্য-প্রমাণে 'শ্রীমায়াপুর' শব্দের উল্লেখ আছে ; যথা—

ঊর্দ্ধাম্নায় মহাতন্ত্রে,—

বর্ত্তন্তেঽহ নবদ্বীপে নিত্যধাম্নি মহেশ্বরি।
ভাগীরথীতটে পূর্ব্বে মায়াপুরন্তু গোকুলম্॥

কাপিল-তন্ত্রে,—

জম্বুদ্বীপে কলৌ ঘোরে **মায়াপুরে** দ্বিজালয়ে।
জনিত্বা পার্ষদৈঃ সার্দ্ধং কীর্ত্তনং কারয়িষ্যতি ॥

ব্রহ্মযামলে,—

অথবাহং ধরাধামে ভূত্বা মদ্ভক্তরূপধৃক্।
মায়ায়াঞ্চ ভবিষ্যামি কলৌ সংকীর্ত্তনাগমে ॥

ভবিষ্যব্রহ্মখণ্ডে,—

কাশারণ্যং ছেদয়িত্বা নদীপার্শ্বে নৃভিঃ কিল।
স্ব-স্ব-জাতীঃ সমাদায় কর্ত্তব্যো বাস এব হি ॥
মায়াপুরং কলেঃ সায়ং বৃহদ্‌গ্রামো ভবিষ্যতি।

নবদ্বীপশতকে,—

যে **মায়াপুর**-বৈভবে শ্রুতিগতেহপ্যুল্লাসিনো নো খলাঃ।

ভক্তিরত্নাকর ১২শ তরঙ্গধৃত প্রাচীন-বাক্য,—

মায়াপুরঞ্চ তন্মধ্যে যত্র শ্রীভগবদ্‌গৃহম্।

বিশেষ বিবরণ জানিতে হইলে 'চিত্রে নবদ্বীপ' নামক গ্রন্থ দ্রষ্টব্য।

(খ) যোগপীঠের শতধনু উত্তরে **শ্রীবাস-অঙ্গন** অবস্থিত। শ্রীবাস-অঙ্গন সপার্ষদ শ্রীগৌরসুন্দরের মহাসঙ্কীর্ত্তনস্থলী। এই স্থানকে **খোল-ভাঙ্গার ডাঙ্গাও** বলে।

(গ) শ্রীবাস-অঙ্গনের দশধনু উত্তরে শ্রীসীতানাথালয় **শ্রীঅদ্বৈত-ভবন**।

(ঘ) অদ্বৈত-ভবনের পার্শ্বেই সেনবংশীয় বল্লালসেনের হ্রৎসদৃশ প্রাচীন **দীর্ঘিকা** বিরাজিত।

(ঙ) বল্লালদীর্ঘিকার উপরে **শ্রীচন্দ্রশেখর-আচার্য্য-ভবন** শ্রীব্রজপত্তন-ক্ষেত্র **শ্রীচৈতন্য মঠ**। এই স্থানে শ্রীগৌরসুন্দর প্রথম

নাটকাভিনয় করিয়াছিলেন। এই স্থানে ঊনত্রিশ চূড়াবিশিষ্ট শ্রীমন্দিরে অপূর্ব্ব **শ্রীশ্রীবিনোদপ্রাণজিউর** শ্রীমূর্ত্তি বিরাজিত। চারিপার্শ্বে চারি বৈষ্ণব-সম্প্রদায়ের আচার্য্যচতুষ্টয় তাঁহাদের সেব্যবিগ্রহের সহিত সেবিত।

(চ) এই অন্তর্দ্বীপ শ্রীমায়াপুরে মায়াপুরাধিষ্ঠাত্রী দেবী প্রৌঢ়া-মায়া, (ছ) শ্রীমায়াপুর ক্ষেত্রপাল বৃদ্ধ-শিবালয়, (জ) শ্রীগৌরাঙ্গের নিজ ঘাট, মাধাইয়ের তপস্যার স্থান, মাধাইয়ের ঘাট, (ঝ) বিশ্বকর্ম্মা-নির্ম্মিত বারকোণাঘাট, (ঞ) পঞ্চশিবালয় স্থান, (ট) শ্রীগৌরহরির কীর্ত্তন-বিশ্রাম-স্থান—শ্রীধর-অঙ্গন, যেস্থানে শতছিদ্র লৌহপাত্রে রক্ষিত জল পান করিয়া শ্রীগৌরসুন্দর ভক্ত-মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছিলেন। (ঠ) ভক্ত চাঁদকাজীর সমাধি (কৃষ্ণলীলার কংস) ইঁহাকে মহাপ্রভু 'মাতুল' বলিয়াছিলেন। এই সমাধির উপর চারিশত বৎসরের পুরাতন গোলোক চাঁপাবৃক্ষ বিরাজিত, (ড) বল্লাল-স্তূপ প্রভৃতি বর্ত্তমান।

২। **শ্রীসীমন্তদ্বীপ**—শ্রবণাখ্য দ্বীপ। শ্রীপার্ব্বতী দেবী এই স্থানে শ্রীগৌরপদধূলি সীমন্তে ধারণ করিয়াছিলেন বলিয়া বিজ্ঞজন ইহাকে 'শ্রীসীমন্তদ্বীপ' বলেন—এই স্থানের নাম সাধারণ ভাষায় 'সীমুলিয়া'।

৩। **শ্রীগোদ্রুমদ্বীপ**—কীর্ত্তনাখ্য দ্বীপ। অপভ্রংশ ভাষায় 'গাদিগাছা' বলে। এই স্থানে একটী বিস্তৃত অশ্বত্থ-দ্রুম ছিল, সুরভি গাভী এই দ্রুমতলে অবস্থান করেন বলিয়া এই স্থানের নাম 'গোদ্রুম' এই স্থানে শ্রীমদ্ভক্তিবিনোদঠাকুর-প্রতিষ্ঠিত সুরভিকুঞ্জ অবস্থিত। এই স্থানটী 'স্বরূপগঞ্জ' বলিয়া কথিত হয়। সুরভিকুঞ্জের কিছুদূরে ঠাকুর ভক্তিবিনোদের ভজন-স্থল "স্বানন্দ-সুখদ-কুঞ্জ" বিরাজিত। ওঁ বিষ্ণুপাদ শ্রীল গৌরকিশোর দাস গোস্বামী মহারাজ এই স্থানে কিছুকাল ভজন করিয়াছিলেন। এই স্থানে নিত্যলীলাপ্রবিষ্ট শ্রীমদ্ভক্তি-

বিনোদ ঠাকুরের সমাধি ও তাঁহার প্রিয়সেবক নিত্যলীলাপ্রবিষ্ট শ্রীপাদ কৃষ্ণদাস বাবাজী মহাশয়ের সমাধি বর্ত্তমান।

এই দ্বীপে সত্যযুগের শ্রীসুবর্ণসেন নামক নৃপতির গৃহ-ধ্বংসাবশেষ অবস্থিত, তাহা সম্প্রতি "সুবর্ণবিহার" নামে প্রসিদ্ধ। গৌরলীলার বুদ্ধিমন্ত খাঁই এই সুবর্ণসেন।

শ্রীনৃসিংহপুর দেবপল্লী—সাধারণ ভাষায় ইহাকে 'দে-পাড়া' বলে।

৪। **মধ্যদ্বীপ**—স্মরণাখ্য দ্বীপ। এই দ্বীপকে অপভ্রংশ ভাষায় 'মাজিদা গ্রাম' বলে। এই স্থানে সপ্তর্ষির ভজনস্থলী সপ্তটিলা আজও অবস্থিত। মধ্যাহ্ন-সময়ে মাধ্যাহ্নিক শতসূর্য্য-প্রভাসমন্বিত পঞ্চতত্ত্বাত্মক শ্রীগৌরসুন্দর সপ্তর্ষিকে দর্শন দিয়াছিলেন বলিয়া এই দ্বীপের নাম 'মধ্যদ্বীপ'।

গঙ্গার পশ্চিম পারে :—

৫। **কোলদ্বীপ**—বা কুলিয়া, বর্ত্তমান সহর নবদ্বীপ—পাদ-সেবনাখ্য দ্বীপ। **গঙ্গার পূর্ব্বপারে শ্রীধাম মায়াপুর নবদ্বীপ ও পরপারে কুলিয়া।** শ্রীচৈতন্যভাগবতে স্পষ্ট বর্ণিত আছে—"গঙ্গার ওপার কভু যায়েন কুলিয়া।" "সবে গঙ্গামধ্যে নদীয়ায় কুলিয়ায়।" এই কুলিয়া **'অপরাধভঞ্জনের পাট'** বলিয়া খ্যাত। সত্যযুগে 'বাসুদেব' নামে ব্রাহ্মণকুমারের সাধনায় তুষ্ট হইয়া এই স্থানে পর্ব্বতসমান উচ্চশরীরধারীকোল বা বরাহদেব ঐ বিপ্রকে দর্শন দেন বলিয়া এস্থানের নাম 'কোলদ্বীপ'।

৬। **ঋতুদ্বীপ**—অর্চ্চনাখ্য দ্বীপ। এই দ্বীপে চম্পহট্ট, চম্পকহট্ট বা চাঁপাহাটী গ্রাম বিরাজিত। চম্পকলতা সখী চম্পকপুষ্পের মালা রচনা করিয়া এই স্থানে শ্রীরাধাকৃষ্ণের সেবা করেন। গৌরপার্ষদ দ্বিজবাণী-নাথ-পূজিত শ্রীগৌরগদাধর-যুগলমূর্ত্তি চারিশত বৎসরের অধিক হইতে

আজও এস্থানে বিরাজিত থাকিয়া শ্রীচৈতন্যমঠের শুদ্ধসেবকবৃন্দের দ্বারা নিত্য সেবিত হইতেছেন। এই স্থানে বসন্ত সহিত ষড়্‌ঋতু শ্রীগৌর-ভগবানের অবতার চিন্তা করিয়া আরাধনা করিয়াছিলেন বলিয়া এই স্থানের নাম 'ঋতুদ্বীপ' হইয়াছে।

৭। **জহ্নুদ্বীপ**—বন্দনাখ্য দ্বীপ, অপভ্রংশ ভাষায় জান্নগর। এই স্থানে জহ্নুমুনি শ্রীগৌরসুন্দরের দর্শন পাইয়া নিজ তপস্যা সার্থক করিয়াছিলেন।

৮। **মোদদ্রুম-দ্বীপ**—দাস্যাখ্য দ্বীপ। এই স্থান-দর্শনে ভক্তগণের সেবামোদ বৃদ্ধি হয় বলিয়া বিজ্ঞগণ ইহাকে "মোদদ্রুম দ্বীপ" বলিয়া থাকেন। এই দ্বীপের অন্তর্গত মামগাছি গ্রাম। এই স্থান শ্রীচৈতন্য-লীলার ব্যাস শ্রীচৈতন্যভাগবতের রচয়িতা ঠাকুর বৃন্দাবনের ক্রীড়াক্ষেত্র ও জন্মভিটা। এই স্থানে ঠাকুর বৃন্দাবনের শ্রীগৌরনিত্যানন্দ-শ্রীমূর্ত্তির সেবা শ্রীচৈতন্যমঠের সেবকগণের দ্বারা পরিচালিত হইতেছে।

৯। **রুদ্রদ্বীপ**—সখ্যাখ্য দ্বীপ। এই স্থানে নীললোহিতাদি একাদশ রুদ্র গৌরভজন করিয়াছিলেন। সম্প্রতি এই দ্বীপ গঙ্গার পূর্ব্বপারে অবস্থিত।

পর-বিদ্যাপীঠ

(প্রাচীন নবদ্বীপ শ্রীধাম-মায়াপুরে শ্রীচৈতন্যমঠে অবস্থিত)

পরবিদ্যাপীঠে নিম্নলিখিত শিক্ষণীয় বিষয়নিচয়ের অধ্যাপকের আসন সমূহ সংস্থাপিত রহিয়াছে—

১। সাহিত্যাসন,
২। ঐতিহ্যাসন,
৩। সম্প্রদায়বৈভবাসন,
৪। ভক্তিশাস্ত্রাসন,
৫। তত্ত্বশাস্ত্রাসন,
৬। বেদান্তাসন,
৭। একায়নাসন।

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

গত ২০শে চৈত্র ১৩৩৭, ৩রা এপ্রিল ১৯৩১ শুক্রবার গুড্‌ফ্রাইডে দিবস শ্রীগৌরজন্মস্থলী শ্রীধাম-মায়াপুরে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীলভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের' দ্বার-উদ্ঘাটন করেন। পরমার্থিক শিক্ষাকে মুখ্য উদ্দেশ্য করিয়া তৎ-সঙ্গে সঙ্গে তাহারই আনুকূল্যকারিণী দাসীসূত্রে সাধারণ শব্দশাস্ত্র শিক্ষার উদ্দেশ্যে এই উচ্চইংরেজি বিদ্যালয়টি খোলা হইয়াছে। এই বিদ্যালয়টি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে এ্যাফিলিয়েটেড্‌ (affiliated)। স্থায়ী প্রধান শিক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপতীর্থ মহারাজ।

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভার

পারমার্থিক সাময়িক পত্রনিচয়

১। **শ্রীসজ্জনতোষণী** বা **The Harmonist**—ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রতিষ্ঠিত বাঙ্গালা ১২৮৮ সালের বৈশাখ মাসে এই পত্র প্রথম প্রকাশিত হয়। ১৮শ খণ্ড হইতে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীলভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ইহার সম্পাদন করিতেছেন। পূর্ব্বে বঙ্গভাষাতেই এই পত্রিকা প্রকাশিত হইত; ইংরেজীতে ইহার একটী সংখ্যা প্রকাশিত হইয়াছিল। ২৫শ খণ্ড হইতে (ইংরেজী ১৯২৭ জুনমাস হইতে) ইংরেজী, সংস্কৃত ও হিন্দিতে প্রকাশিত হয়। বর্ত্তমানে ইংরেজীতেই শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠ হইতে প্রতিমাসে প্রকাশিত হইতেছেন।

২। **গৌড়ীয়**—১৩২৯ সালের ২রা ভাদ্র শনিবার কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে বাঙ্গালাভাষায় প্রতি শনিবারে সাপ্তাহিক পত্ররূপে প্রকাশিত হইতেছেন। সম্পাদক-সঙ্ঘপতি—শ্রীপাদ অতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় ভক্তিসারঙ্গ গোস্বামী ভক্তিশাস্ত্রী; সসঙ্ঘ-সম্পাদক —শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ।

৩। **নদীয়া-প্রকাশ**—১৩৩৪ সালের ভাদ্রমাসে এই পত্র প্রথমে পাক্ষিকপত্ররূপে শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠ হইতে প্রকাশিত হন। তৎপরে শ্রীগৌরজনের অভীষ্টানুসারে 'দৈনিক নদীয়া প্রকাশ'নামে প্রত্যহ নিয়মিতভাবে প্রকাশিত হইয়া বিশ্বের পারমার্থিক ইতিহাসে যুগান্তর আনয়ন করিয়াছেন। বর্ত্তমান সম্পাদক—শ্রীঅতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বেদান্তবাচস্পতি।

৪। **ভাগবত**—১৩৩৮ সালের ২২শে কার্ত্তিক অমাবস্যা হইতে এই পাক্ষিক পত্র শ্রীনৈমিষারণ্য পরমহংস মঠ হইতে হিন্দিভাষায় প্রকাশিত হইতেছেন। প্রতি পূর্ণিমা ও অমাবস্যায় এই পত্র প্রকাশিত হয়। সম্পাদক—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ।

৫। **পরমার্থী**—১৩৩৯ সালের ২রা জ্যৈষ্ঠ কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে উড়িয়া ভাষায় এই পত্র প্রকাশিত হইতেছেন। প্রতি একাদশীতে এই পত্র প্রকাশিত হয়। সম্পাদক—শ্রীরঘুনাথ মহাপাত্র।

৬। **কীর্ত্তন**—আসামী ভাষায় শীঘ্রই এই পারমার্থিক পত্র আসাম প্রদেশ হইতে প্রকাশিত হইবেন।

এতদ্ব্যতীত পৃথিবীর বিভিন্নভাষায় শ্রীচৈতন্যজনের অভীষ্টানুসারে ও নিয়ামকত্বে আরও বিভিন্ন পরমার্থিক পত্রিকাসমূহ প্রকাশিত হইয়া বিশ্বকে অচিরেই পারমার্থিক সাহিত্যে পরিপ্লাবিত করিবে।